কলকাতা, ১৮ ডিসেম্বর (হি.স.) : এক শের নির্বাচনের আগেই তৃণমূলের সঙ্গে সমস্ত সম্পর্ক ত্যাগ করেছেন শুভেন্দু অধিকারী। তৃণমূল দল থেকে শুভেন্দু অধিকারী ইস্তফা দেওয়ার কিছুক্ষণের মধ্যেই আসানসোল পুরসভার সঙ্গে দীর্ঘদিনের সম্পর্কে ইতি টানলেন জিতেন্দ্র। বৃহস্পতিবার তৃণমূলের সঙ্গে সম্পর্ক ত্যাগ করার পরেই শুক্রবার কলকাতা ক্যামাক স্ট্রীটে দেখা যায় জিতেন্দ্র তিওয়ারিকে। জিতেন্দ্র তিওয়ারি কলকাতায় আসতেই শুরু হয় রাজনৈতিক চাপানউতোর। যদিও সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে জিতেন্দ্র তিওয়ারি সাফ জানিয়েছেন মন খারাপ তাই কলকাতায় এসেছেন মেয়ের কাছে।

# করোনা আক্রান্ত ফরাসি প্রেসিডেন্টের সংস্পর্শে আসায় আইসোলেশনে তিন দেশের প্রধানমন্ত্রী

প্যারিস, ১৮ ডিসেম্বর (হি.স.) : করোনা আক্রান্ত ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সংস্পর্শে আসায় তিন দেশের প্রধানমন্ত্রী ছাড়াও আরও একাধিক আন্তর্জাতিক সংস্থার শীর্ষ আধিকারিক ইতিমধ্যেই সেলফ আইসোলেশনে গিয়েছেন। বাকিরা অবশ্য এখনও কোনও সিদ্ধান্ত নেননি। যে তিন দেশের রাষ্ট্রপ্রধান আইসোলেশনে গিয়েছেন তাঁরা হলেন পর্তুগালের প্রধানমন্ত্রী আন্তোনিও কস্তা, স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো স্যাঞ্চেস ও ফরাসি প্রধানমন্ত্রী জঁ ক্যাসসেজ। গত সপ্তাহে বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ইউরোপীয়

ইউনিয়নের সম্মেলনে অংশ নিয়েছিলেন প্রেসিডেন্ট ম্যাক্রোঁ। সেখানে উপস্থিত ছিলেন জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জোলা মার্কেল, ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডার লিয়েনসহ আরও অনেকে। ইউইউ'র ওই সম্মেলনে হাঙ্গেরিয়ান প্রধানমন্ত্রী ভিক্টর ওরবানের মুখে আদর করে অভ্যর্থনা জানাতে দেখা গিয়েছিল ফরাসি প্রেসিডেন্টকে। সেই সময়ে কাছাকাছি ছিলেন অস্ট্রিয়ার চ্যান্সেলর সেবাস্টিয়ান ক্রাজ। তাছাড়া গত ১৪ ডিসেম্বর ম্যাক্রোঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো স্যাঞ্চেস। গত বুধবার ম্যাক্রোঁর

সঙ্গে মধ্যাহ্নভোজে অংশ নিয়েছিলেন পর্তুগালের প্রধানমন্ত্রী আন্তোনিও কস্তা। এলিসি প্যালেসের সিঁড়িতে তাঁকে জড়িয়ে ধরেছিলেন ফ্রান্সের প্রেসিডেন্ট। বৃহস্পতিবার পর্তুগিজ প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে, কস্তার পূর্বনির্ধারিত সব সফর বাতিল করা হয়েছে এবং তিনি সেলফ আইসোলেশনে রয়েছেন। বুধবারই ফরাসি মন্ত্রিসভার বৈঠক ছিল। ওই বৈঠকে হাজির ছিল গোটা মন্ত্রিসভা। প্রেসিডেন্ট ম্যাক্রোঁর সঙ্গে হাত ও মিলিয়েছিলেন দেশের প্রধানমন্ত্রী জঁ ক্যাসসেজ। তবে তাঁর শরীরে কোনও উপসর্গ না থাকলেও

তিনিও সেলফ আইসোলেশনে থাকার সিদ্ধান্ত নিয়েছেন। মিশরের প্রেসিডেন্ট আবদেল ফাওয়া আল-সিসির সঙ্গেও সাক্ষাৎ হয়েছে ফরাসি প্রেসিডেন্টের। তবে মিশরের প্রেসিডেন্ট আইসোলেশনে গিয়েছেন কি না তা এখনও নিশ্চিত নয়। ম্যাক্রোঁ করোনায় আক্রান্ত হওয়ায় আইসোলেশনে যাওয়ার তালিকায় রয়েছেন ইউরোপীয় কাউন্সিলের সভাপতি চার্লস মিশেলও। এমানুয়েল ম্যাক্রোঁর মাধ্যমে আর কোথায় কোথায় ভাইরাস ছড়াতে পারে তা চিহ্নিত করার চেষ্টা চলছে। হিন্দুস্থান সমাচার / সোনালি

# আলু-পেঁয়াজের দাম বেড়ে গিয়েছে তাই দিদিমনি কাঁচকলা খাচ্ছেন, কটাক্ষ দিলীপ ঘোষের

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি.স.) : ইতিমধ্যেই রাজ্যজুড়ে একুশের নির্বাচনের দামামা বেজে গিয়েছে। এরই মাঝে দেশ থেকে রাজ্য জুড়ে কৃষি বিলের বিরুদ্ধে প্রতিবাদে নেমেছে বিজেপি বিরোধী দলগুলি। শুক্রবার এক দলীয় সভায় যোগ দিয়ে কৃষি বিলের প্রসঙ্গ তুলে রাজ্য সরকারের বিরুদ্ধে তোপ দাগলেন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে একহাত নিয়ে

দিলীপ ঘোষ বলেন, "আলু-পেঁয়াজের দাম বেড়ে গিয়েছে তাই দিদিমনি কাঁচকলা খাচ্ছেন"। কেবল নয় কৃষি বিলের প্রসঙ্গ টেনে দিলীপ ঘোষ বলেন, "কৃষকদের স্বার্থে এই আইন"। বেশ কয়েক দিন ধরেই অতিরিক্ত হার দাম বেড়ে গিয়েছিল আলু-পেঁয়াজের। আলু পেঁয়াজের দাম বৃদ্ধির প্রসঙ্গ তুলে কামানি ইস্যুতে রাজ্যের শাসক দলকে খোঁচা দিয়ে

"আলু-পেঁয়াজের দাম বেড়ে গিয়েছে। তাই দিদিমনি কাঁচকলা খাচ্ছেন। প্রতি কুইন্টাল ধানে ৫০০ টাকা কাটমানি, প্রতি কিলো আলুতে ৪০ টাকা কাটমানি। প্রতি কিলো পেঁয়াজে ৭০-৭৫ টাকা কাটমানি। কে খাচ্ছে? ভাইপো? কোথায় যাচ্ছে? কালীঘাটে যাচ্ছে সব। সবাই জানে। তাই চাষীদের এখন থেকে মুক্তি দেওয়ার জন্য প্রধানমন্ত্রী আইন বানিয়েছেন"। হিন্দুস্থান সমাচার / পায়ল / কাকলি

# ডিআরডিও'র বিজ্ঞানীদের ভূয়সী প্রশংসা করলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং

নয়াদিল্লি, ১৮ ডিসেম্বর (হি.স.) : ভারতীয় নিরাপত্তারক্ষীদের জন্য উন্নত মানের অস্ত্র বানানোর জন্য ডিআরডিও'র বিজ্ঞানীদের ভূয়সী প্রশংসা করলেন দেশের প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। শুক্রবার মিলিটারি লেকচার ফেস্টিভ্যাল-২০২০, নামে একটি ভারতীয়াল অনুষ্ঠানে অংশ নিয়ে ডিআরডিও'র বিজ্ঞানীদের ভূয়সী প্রশংসা করেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। এদিন সংস্থার প্রধান জি সতীশ রেড্ডির নেতৃত্বে বিজ্ঞানীরা ভারতীয় নিরাপত্তারক্ষীদের জন্য উন্নত মানের অস্ত্র বানিয়েছেন বলে উল্লেখ করেন তিনি। পরিবর্তিত সময়ে যেভাবে হুমকি ও যুদ্ধ করার ধরন বদলাচ্ছে তাতে অনেক ধরনের নিরাপত্তাজনিত বিষয় ভারতের সামনে আসবে বলেও দাবি করেন প্রতিরক্ষা মন্ত্রী। শুক্রবারের অনুষ্ঠানের প্রাসঙ্গিকতা

নিয়ে তিনি আরও বলেন, "আমি দেখেছি এই ধরনের অনুষ্ঠান খুব গুরুত্বপূর্ণ। কারণ নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার ভারতকে একটি সুপার পাওয়ার বানাতে চাইছে। আর সেই লক্ষ্য পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন বিজ্ঞানীরা। তবে আমি চাই দেশের সাধারণ মানুষও সেনা সংক্রান্ত বইপত্র পড়ে এই সম্পর্কে জ্ঞান অর্জন করুন।"

ডিআরডিও'র বিজ্ঞানীদের ভূয়সী প্রশংসা করলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। এদিন সংস্থার প্রধান জি সতীশ রেড্ডির নেতৃত্বে বিজ্ঞানীরা ভারতীয় নিরাপত্তারক্ষীদের জন্য উন্নত মানের অস্ত্র বানিয়েছেন বলে উল্লেখ করেন তিনি। পরিবর্তিত সময়ে যেভাবে হুমকি ও যুদ্ধ করার ধরন বদলাচ্ছে তাতে অনেক ধরনের নিরাপত্তাজনিত বিষয় ভারতের সামনে আসবে বলেও দাবি করেন প্রতিরক্ষা মন্ত্রী। শুক্রবারের অনুষ্ঠানের প্রাসঙ্গিকতা নিয়ে তিনি আরও বলেন, "আমি দেখেছি এই ধরনের অনুষ্ঠান খুব গুরুত্বপূর্ণ। কারণ নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার ভারতকে একটি সুপার পাওয়ার বানাতে চাইছে। আর সেই লক্ষ্য পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন বিজ্ঞানীরা। তবে আমি চাই দেশের সাধারণ মানুষও সেনা সংক্রান্ত বইপত্র পড়ে এই সম্পর্কে জ্ঞান অর্জন করুন।"

# রাজ্যের আইন শৃঙ্খলা কেউ কেউ ভাঙার চেষ্টা করছে : পার্থ চট্টোপাধ্যায়

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি.স.) : বৃহস্পতিবারই উপ নির্বাচন কমিশনার সূদীপ জেন রাজ্যে এসে ১৪ টি জেলার পুলিশ সুপার, জেলা শাসকদের নিয়ে বৈঠক করেন। সেখানে রাজ্যের আইন শৃঙ্খলা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন তিনি। পাশাপাশি প্রত্যেকটি জেলায় আইন-শৃঙ্খলা নিয়ে বাড়তি নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। তবে এই বিষয়টিতে পুরোপুরি অসম্মতি পোষণ করেছেন তৃণমূল মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়। তাঁর কথায়, উল্টে রাজ্যের আইন শৃঙ্খলা

ভাঙার চেষ্টা করা হচ্ছে বলে তাঁরা উদ্বেগ প্রকাশ করেছেন। বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই প্রস্তুতি শুরু করেছে নির্বাচন কমিশন। আগের নির্বাচনে যে সমস্ত এলাকায় অশান্তি দেখা দিয়েছিল উদ্বেগ প্রকাশ করেছেন তিনি। সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করার কথা বলা হয়েছে। সূত্রের খবর, গতকালের এই বৈঠকেরাজ্যের আইন-শৃঙ্খলা নিয়ে উদ্বেগ প্রকাশ করার পাশাপাশি প্রত্যেকটি জেলায় আইন-শৃঙ্খলা নিয়ে বাড়তি

নজরদারির কথা বলা হয়। তারই সঙ্গে এখন থেকে কোন জেলায় কি ঘটেছে তার পরিপ্রেক্ষিতে কী ব্যবস্থা নেওয়া হয়েছে সেই বিষয়ে নির্বাচন কমিশনকে রিপোর্ট পাঠানোর কথা বলা হয়েছে। এই প্রসঙ্গে পার্থ চট্টোপাধ্যায় বলেন, "আমি তো গিয়েছিলাম আমাকে তো এমন কথা বলেনি। উল্টে আমরাই উদ্বেগ প্রকাশ করে এসেছি যে নির্বাচন কমিশনের বাইরে কেউ কেউ আইন-শৃঙ্খলা ভাঙার চেষ্টা করছে। এ রাজ্যের আইন শৃঙ্খলা ভাল তাকে ভাঙার চেষ্টা করা হচ্ছে।"



সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস নেতৃত্বরা। ছবি- নিজস্ব।





টিএনজিসিএল-এর তরফ থেকে গেছিল কর্মকর্তাদের হাতে আর্থিক লেনদেন করা হয়। ছবি- নিজস্ব।

## কেন্দ্রীয় স্বরস্ট্রসচিবের সঙ্গে বৈঠক রাজ্যের মুখ্যসচিব, ডিজিপি

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.): শুক্রবার সন্ধ্যা বেলাতেই কেন্দ্রীয় স্বরস্ট্রসচিব অজয় ভান্ডার সঙ্গে বৈঠকে বসতে চলেছেন রাজ্যের মুখ্যসচিব আলাপন বন্দ্যোপাধ্যায় এবং রাজ্য পুলিশের ডিজি বীরেন্দ্র। সূত্রের খবর এমনটাই। তবে পুরো বৈঠকটিই হবে ভার্চুয়ালি।

বিজেপির সর্ব ভারতীয় সভাপতি জে পি নাড্ডার সভায় যেতে কনভয়ের উপর হামলা পরই গত ১৪ ডিসেম্বর দিল্লিতে ডেকে পাঠানো হয় তাঁদের। তবে সেদিন দিল্লিতে যাননি দুই কর্তা। নবান্নের তরফ থেকে মুখ্যসচিব আলাপন বন্দ্যোপাধ্যায় একটি চিঠি দেন। তাতে লেখেন, জেপি নাড্ডার জন্য মধ্যস্থ নিরাপত্তার ব্যবস্থা করেছিল রাজ্য। তারপরও যে অভিযোগ উঠছে, তা গুরুত্ব দিয়ে দেখা হবে।

সূত্রের খবর অনুযায়ী, আজ বিকেলেই দিল্লিতে তলব করা হয়েছিল মুখ্য সচিব ও ডিজিপি কে। তবে করোনায় পরিস্থিতির কথা মাথায় রেখে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তাঁরা বৈঠকে যোগ দিতে পারেন বলে পাল্টা চিঠি দেন মুখ্যসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়। তারপরই ভিডিও বৈঠকের সময় নির্ধারিত হয় বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

সূত্রের খবর, বৈঠকে রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা হতে পারে। তবে আদতে বৈঠকের নির্ধারিত কি হয় সেদিকেই তাকিয়ে বিভিন্ন মহলা। হিন্দুস্থান সমাচার/সৌস্মী / কাকলি

## মমতা বন্দ্যোপাধ্যায়কে আলিমুদ্দিন বৃদ্ধাশ্রমে পাঠানোর আর্জি রিমঝিম মিত্র

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.): “শুভলাল আলিমুদ্দিন বৃদ্ধাশ্রমে বেড ফাঁকা আছে, ওখানেই পাঠানো হোক দিলাকে।” মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এভাবেই সিপিএমের রাজ্য সদর দফতরে পাঠানোর আর্জি জানানেন অভিনেত্রী রিমঝিম মিত্র।

রিমঝিম ফেসবুকে লিখেছেন, “টিএমসি-র মুখপাত্রদের দেখে আজ সত্যি করুণা হচ্ছে। সমস্ত হাতীয়ার হারিয়ে আজ শেষ সফল, সিম্পাধি। এই সিম্পাধি হাজার হাজার বেকার যুবক যুবতীদের বেলায় কোথায় ছিল, দাদারা, দিদিরা? গরীব মানুষ যারা অতিমারির স্বীকার, গরীব মানুষ যারা আত্মহানের চাবুক স্বীকার, তাদের বেলায় কোথায় ছিল? তাদের প্রাপ্য টাকা থেকে বঞ্চিত করার বেলায় কোথায় ছিল?”

‘৬৫ বছরের মহিলা একা লড়ছেন’ পিকে-র শেখানো লেটেস্ট বাণী। তা আপনাদের মতো তরুণ তৃষ্ণারী থাকতে, দিলাকে এতো খাটাচ্ছেন কেন? এ তো অন্যায়। ভুলে যাবেন না, ওনাকে এখনও সূত্র শরীরে বহুদিন আমাদের মাঝে থাকতে হবে, দুধের শিশু মুবরাজকে কোলে পিঠে মানুষ করতে কে নায়তো?

লজ্জা করে না আপনাদের? আপনারা একেকটি রত্ন থাকা সত্ত্বেও দিলাকে এই সভা থেকে ওই সভা ছুট করাচ্ছেন? তাড়াছড়ায় বেচারী ‘বাংলার ডুমিপুর’ পিকে-র বাছাই করে দেওয়া রঙের শাড়িটা পর্যন্ত পরতে ভুলে যাচ্ছেন? না,বাংলার মানুষ দিলাকে নিয়ে এই ছেলেখেলা মোটেই সহ্য করবে না। নাতি হিসেবে ডিউটি ফেইলি করেছেন আপনারা। তাই বাংলার মানুষ সেই দায়িত্ব পালন করবেন, ওনাকে অবসরে পাঠিয়ে বাই হোক, জ্যোতি বাবুর প্রিয় ছাত্রী রঞ্জিত চিরঞ্জিত প্রসেনজিৎ না কার বেশ একটি আত্মীয়া আমাদের এই অতিবাহ দিলা।” হিন্দুস্থান সমাচার/ অশোক

## সক্রিয় রোগী ৭,০৪০ জন, তেলেঙ্গানায় করোনায় মৃত্যু বেড়ে ১,৫০৬

হায়দরাবাদ, ১৮ ডিসেম্বর (হি.স.): তেলেঙ্গানায় ফের খানিকটা বাড়ল দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা। বিগত ২৪ ঘণ্টায় তেলেঙ্গানায় নতুন করে কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছেন ৫৫১ জন, এই সময়ে তেলেঙ্গানায় করোনা-আক্রান্ত মার একজনের মৃত্যু হয়েছে। ফলে তেলেঙ্গানায় কোভিড-১৯ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়ে হল ২,৮০, ১৯৫ এবং এখাবৎ মৃত্যু হয়েছে ১,৫০৬ জনের। তেলেঙ্গানায় অনেকটাই বাড়ছে সুস্থতার সংখ্যা, তেলেঙ্গানায় এই মুহুর্তে সুস্থতা হয়েছেন ২ লক্ষ ৭১ হাজার ৬৪৯ জন।

শুক্রবার সকালে তেলেঙ্গানা সরকারের স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে বুলেটিনে জানানো হয়েছে, তেলেঙ্গানায় নতুন করে কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছেন ৫৫১ জন এবং মৃত্যু হয়েছে একজনের। বিগত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৬৮২ জন। রাজ্যভূমি ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ২, ৭১,৬৪৯ জন করোনা-রোগী। বৃহস্পতিবার রাত আটটা পর্যন্ত সক্রিয় করোনা রোগীর সংখ্যা ৭,০৪০ জন।

## অষ্টমঙ্গলা থেকে ফেব্রার পথে বউ ছিনতাই

জলপাইগুড়ি, ১৮ ডিসেম্বর (হি. স.): অষ্টমঙ্গলা থেকে ফেব্রার পথে হামলা চালিয়ে বউকে তুলে নিয়ে পালাল একদল যুবক। বরকে মারধর করা, টাকা, মোবাইল ছিনতাই। জলপাইগুড়িতে এমনই অশান্তির ঘটনায় আলোড়ন তৈরি হয়েছে।

সপ্তাহখানেক আগেই বিয়ে হয়েছিল ওঁদের। বৃহস্পতিবার নবদম্পতি গিয়েছিল অষ্টমঙ্গলার নিয়ম কানুন সারতে। রাতে গাড়ি করে সেখান থেকেই ফিরছিলেন তাঁরা। এমন সময় জলপাইগুড়ির তিয়াত্তর মোড়ের কাছে সেই গাড়ি আটকে দাঁড়ায় কয়েকটি বাহক। অভিযোগ, বাইক আরোহী দুধুতীরা বরের উপর হামলা চালায়। কেড়ে নেওয়া নয় তাঁর মোবাইল ফোন, টাকার ব্যাগ, বউয়ের গয়না। এরপর বরকে আরও চমকে দিয়ে বউকে বাইকে তুলে নিয়ে পালান একজন। যাওয়ার আগে নাকি তিনি দাবি করেন, নববিবাহিতা মেয়েটি তাঁর প্রাক্তন প্রেমিকা। তাজ্বব বনে যান বর। কাঠগড়ায় বউয়ের প্রাক্তন প্রেমিক। এই ঘটনায় কোতোয়ালি থানায় অভিযোগ জানান বর। তাঁকে রাতের দিকে পুলিশি নিরাপত্তায় বাড়িতে পৌঁছে দেওয়া হয়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ প্রশ্ন উঠছে, তাহলে কি হামলাকারী যুবক মিথ্যা দাবি করে বউ ‘ছিনতাই’ করল? এর পিছনে অন্য কী কারণ থাকতে পারে? এসব খতিয়ে দেখছে পুলিশ। গোটা ঘটনা যেভাবে ঘটানো হয়েছে, তাতে অবাধ পুলিশকর্তারাও হিন্দুস্থান সমাচার/ অশোক

## ১৬ জানুয়ারি পর্যন্ত বাংলাদেশ বন্ধ থাকছে শিক্ষা প্রতিষ্ঠান : শিক্ষা মন্ত্রক

ঢাকা, ১৮ ডিসেম্বর (হি.স.): বাংলাদেশে আপাতত খুলছে না শিক্ষা প্রতিষ্ঠান। শুক্রবার বাংলাদেশের শিক্ষা মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৈশ্বিক মহামারি করোনাভাইরাসের সংক্রমণের কারণে শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি ১৬ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। এই সময়ে দেশের সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে। শীতে করোনার প্রকোপ বাড়তে পারে, তাই ১৬ জানুয়ারি পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম করোনা রোগী আক্রান্ত হওয়ার পর ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে দফায় দফায় ১৯ ডিসেম্বর পর্যন্ত ছুটি বাড়ানো হয়। বছর মধ্যেও প্রাথমিক ও মাধ্যমিক স্তরে টিভিতে ক্লাস সম্প্রচার করা হচ্ছে। আর উচ্চ মাধ্যমিক এবং উচ্চ শিক্ষাস্তরে অনলাইনে ক্লাস পরিচালনা করছে শিক্ষা প্রতিষ্ঠানগুলি। করোনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের কারণে এ বছর প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী, অষ্টমের সমাপনী ছাড়াও এইচএসসি পরীক্ষা বাতিল করা হয়েছে। জেএসসি ও এসএসসির ফলের ভিত্তিতে এইচএসসির ফল প্রকাশের সিদ্ধান্ত হলেও অন্যান্য শ্রেণিগুলিতে পরীক্ষা ছাড়া পরবর্তী ক্লাসে উত্তীর্ণ করা হবে।

## গাড়ি উল্টে এজিসি বোস রোডে যানজট

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি. স.): এমনিতেই করোনা আতঙ্কে ভুগছে শহর। এরই মাঝে শুক্রবার অফিস টাইমে গাড়ি উল্টে বিপত্তি। এজিসি বোস রোডে গাড়ি উল্টে যানজট, সমস্যায় নিত্যযাত্রীরা। জানা গিয়েছে, শুক্রবার অফিস টাইমে পার্ক সার্কারসগামী লেনে ছোট গাড়ি উল্টে যায়। ছোট গাড়ি উল্টে যাওয়ায় তীব্র যানজটের সৃষ্টি হয় ব্যস্ত সময়। পার্ক সার্কারসে যানজটের জেরে এজিসি বোস রোড উড়ালপুলেও তৈরি হয় যানজট। গাড়ির চাপ থাকতেই দেখা দেয় যানজট। বেশ কিছুক্ষণের অপেক্ষাতে ক্রেন দিয়ে টেনে দুর্ঘটনাপ্রস্তু গাড়িটি সরানো হয়। গাড়ি সরানো হলে কার্টে যানজট। গাড়ি উল্টে যাওয়াতে আহত হন এক চালক। হিন্দুস্থান সমাচার / পালয়

## যত আক্রমণ তত সবল হবে তৃণমূল, চ্যালেঞ্জ কাকলি ঘোষ দস্তিদারের

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি স): একুশের নির্বাচনের আগেই রাজ্য রাজনীতি উত্তাল। শুভেন্দু অধিকারী জিতেন্দ্র তিওয়ারির তৃণমূল ত্যাগ করার পর শুক্রবার তৃণমূল ছাড়লেন তৃণমূল বিধায়ক শীলভদ্র দত্তও। আর তারপরেই তৃণমূলে ত্যাগের হিড়িক লেগেছে বলে কটাক্ষে সুর চড়ায় বিজেপি। তারপরে তৃণমূল ভবন থেকে সাংবাদিক সম্মেলন করে “যত আক্রমণ তত সবল হবে তৃণমূল” বলে চ্যালেঞ্জ করেন তৃণমূল সাংসদ কাকলি ঘোষ দস্তিদার। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সুর চড়িয়ে কাকলি ঘোষ দস্তিদার বলেন, “মমতার পাশে বাংলার মানুষ। উন্নয়নমূলক কাজের প্রতি আস্থা। ভারতের টাকা ভারতবাসীর টাকা। কিন্তু তা নাহয় করছে কেন্দ্রীয় সরকার। তৃণমূলের প্রতি মানুষের আস্থা অটুট। বিজেপি বাংলায় নেতা তৈরি করতে পারেন। মমতা বন্দ্যোপাধ্যায়কে সর্বলক্ষে শৃংখলে আবদ্ধ করেছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের জনপ্রিয়তাকে ভয় পাচ্ছে বিজেপি। ভয় দেখিয়ে দলবল বানাচ্ছে বিজেপি।”

## টিএমসি পার্টি বলে কিছু থাকবে কি আদৌ, প্রশ্ন দিল্লীপের

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি স): রাজনৈতিক দলগুলির অন্দরে শুরু হয়ে গিয়েছে নির্বাচনের জোর প্রস্তুতি। কিন্তু এরই মাঝে তৃণমূলে ভাদন। বৃহস্পতিবার শুভেন্দু অধিকারী জিতেন্দ্র তিওয়ারির তৃণমূল ত্যাগ করার পর শুক্রবার তৃণমূল ছাড়লেন তৃণমূল বিধায়ক শীলভদ্র দত্তও। আর তারপরেই শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতার। তৃণমূল নেতাদের তৃণমূল ত্যাগ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুক্রবার “টিএমসি পার্টি বলে কিছু থাকবে কি আদৌ” কটাক্ষের সুর চড়ালেন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ।

তৃণমূল নেতাদের পদত্যাগ প্রসঙ্গে শাসকদলের বিরুদ্ধে সুর চড়িয়ে দিলীপ ঘোষ বলেন, “টিএমসি পার্টি বলে কিছু থাকবে কি আদৌ। ৪ জন থাকবেন পিসি-ভাইপো, ফিরহাদ আর পীকে”। এরপরেই শীলভদ্র দত্ত তৃণমূল ছেড়ে কি বিজেপিতে যোগ দিতে পারেন সেই প্রশঙ্গে দিলীপ ঘোষ বলেন, “তৃণমূল ছাড়া আর বিজেপিতে যোগ দেওয়া কিন্তু এক ব্যাপার নয়। আবার সবাইকে বিজেপিতে নেওয়া হচ্ছে এমনটাও নয়। কেন তৃণমূল ছেড়ে যাচ্ছে সবাই সেটা তৃণমূলের সমস্যা। বিজেপির আদর্শে যারা প্রভাবিত হচ্ছেন, তাঁরা আসতে চাইলে বিজেপি অবশ্যই ভাবে। অনেকেই ভাবছে বিজেপি পরিবর্তন করবে, তাঁরা আসবে”।

## একুশের নির্বাচনের আগেই বিজেপিতে যোগ অব্যাহত

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি স): বর্তমানে পাখির চোখ একুশের নির্বাচনে। ইতিমধ্যে রাজনৈতিক দলগুলির অন্দরে বেজে গিয়েছে নির্বাচনের দামামা। বৃহস্পতিবার শুভেন্দু অধিকারী জিতেন্দ্র তিওয়ারির তৃণমূল ত্যাগ করার পর শুক্রবার তৃণমূল ছাড়লেন তৃণমূল বিধায়ক শীলভদ্র দত্তও। কিন্তু অন্যদিকে বিজেপিতে যোগদান অব্যাহত। শুক্রবার হেস্টিংসে বিজেপি নেতা মুকুল রায়ের উপস্থিতিতে বিজেপিতে যোগদান করলেন আরও বেশ কিছু সদস্যরা।

এদিন হেস্টিংসে বিজেপির সদর দফতরে এসে মুকুল রায়ের উপস্থিতিতে বিজেপিতে যোগদান করেন পূর্ব মেদিনীপুরের ভগবান পঞ্চায়ত সমিতির সদস্য শেখ হারুন হোসেন, সুলতানা বেগম-সহ একাধিক তৃণমূল কর্মী-সমর্থকরা।

তৃণমূল কর্মী সমর্থকদের বিজেপিতে যোগদানের পর মুকুল রায় বলেন, “কে হিন্দু, কে মুসলিম, সেটা বড় কথা নয়। বাংলাদেশ গণতন্ত্র থাকবে কিনা, সেটাই এখন মূল প্রশ্ন। তিন তালক বিরোধী আইন কার্যকর হওয়ার পর মুসলিম মহিলাদের এক বড় অংশের মধ্যে বিজেপিকে সমর্থন করার প্রবণতা দেখা গিয়েছিল”।

## উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় নয়া উপাচার্য স্বরূপ চক্রবর্তী

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.): উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের নয়া উপাচার্য হলেন স্বরূপ চক্রবর্তী। শুক্রবার এই নির্দেশিকা জারি করেন আচার্য তথা রাজ্যপাল জগদীপ ধনকর।

টুইটে ধনকর লেখেন, বিশ্ববিদ্যালয়ের ২৫ (২) ক ধারা অনুযায়ী এই নিয়োগ। চার বছর মেয়াদ অথবা ৬৫ বছর বয়স যৌটি আগে হবে, ততদিন তিনি পদে থাকতে পারবেন। হিন্দুস্থান সমাচার/ অশোক

## স্কুটিতে ধাক্কা বেপরোয়া গাড়ির, মুম্বইয়ে মৃত্যু ডেলিভারি বয়ের

মুম্বই, ১৮ ডিসেম্বর (হি.স.): মুম্বইয়ে বেপরোয়া মাসেডিজ গাড়ির ধাক্কায় প্রাণ হারালেন স্কুটার আরোহী একজন ডেলিভারি বয়। শুক্রবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে মুম্বইয়ের গুণ্ডওয়ারী এলাকায়। যাতক গাড়ির চালককে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, শুক্রবার সকালে একটি মাল্টিব্র্যান্ড গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে ডিভিডহার থেকে লাক্ষিয়ে স্কুটিতে ধাক্কা মারে। গাড়ির ধাক্কায় গুরুতর আহত হন স্কুটার আরোহী ডেলিভারি বয়। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। মৃতের আত্মীয় সরোজ জানিয়েছেন, একটি গাড়ি দ্রুত গতিতে থাকার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে ডিভিডহার থেকে লাক্ষিয়ে স্কুটারে ধাক্কা মারে। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করা হয়। যাতক গাড়ির চালককে গ্রেফতার করা হয়েছে।

## মেটেলি রুকে লোকালয়ে হাতির তাণ্ডব, আতঙ্কিত এলাকার বাসিন্দারা

চালসা, ১৮ ডিসেম্বর (হি. স.): জলপাইগুড়ির মেটেলি রুকের বাতাবাড়ি ও দক্ষিণ ধুপঝোরা এলাকায় সাতসকালে লোকালয়ে হাতির তাণ্ডব। ঘরের পাশাপাশি ভেঙে দিল সরকারি কিয়ান মাণ্ডির সীমানা প্রচীর। হাতির তাণ্ডবে মৃত্যু হয়েছে কয়েকটি গোরুর। শুক্রবার ঘটনাটি ঘটেছে। ঘটনায় আতঙ্কিত এলাকার বাসিন্দারা। জানা গেছে, এদিন ভোরে বাতাবাড়ি এলাকায় হানা দেয় একটি দলজন্তু মাকান্না হাতি। সেখানে বাতাবাড়ি কিয়ান মাণ্ডির সীমানা প্রচীর ভেঙে দেয়। এরপর হাতিটি ঢুকে পড়ে দক্ষিণ ধুপঝোরা কায়েৎ পাড়া এলাকায়। রাস্তায় রাখা জেগীরথ রায়ের ছোট গাড়ি উল্টে দেয় হাতিটি। এরপর সুখেন রায়ের শোবার ঘর গুঁড়িয়ে দেয়। ভেঙে দেয় প্রভাত রায়ের ঘরের দেওয়াল। হাতির হানায় ক্ষতি হয়েছে সুজিত রায়, অজিত রায়, আসোনাত্য রায় ও শ্যামল রায়ের ঘর। হাতির তাণ্ডবে মৃত্যু হয়েছে ৫টি গোরুর। খবর পেয়ে এলাকায় আসেন ধুপঝোরা বিটি ও খুনিয়া স্কোয়াডের বনকর্মীরা। ঘন কুয়াশার জেরে হাতিটিকে জঙ্গলে ফেরাতে রীতিমতো হিমশিম খেতে হয়েছে বনকর্মীদের। সকাল পৌনে আটটা নাগাদ হাতিটিকে গরুফারা জঙ্গলে ফেরাতে সামর্থ্য হন তাঁরা।

## শুক্রবার কলকাতায় পৌঁছোচ্ছেন অমিত শাহ, বাড়তি নিরাপত্তা ব্যবস্থা

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.): দু দিনের বঙ্গ সফরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শুক্রবার কলকাতায় পৌঁছোচ্ছেন। মেদিনীপুরে শহরে শনিবার তাঁর বহুচর্চিত জনসভা। শহর সফরে নিরাপত্তা সূচিভেদ্য করতে প্রথম থেকেই নেমে পড়েছে রাজ্য প্রশাসন।

গত সপ্তাহে এ রাজ্যে এসে কলকাতা থেকে ডায়মন্ড হারবার যাওয়ার সময় হামলার মুখে পড়েছিল বিজেপি সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার কনভয়। সেই ঘটনার রেশ এখনও কাটেনি।

রাজনৈতিক চাপানউতোর চলছেই। হামলার প্রেক্ষিতে রাজ্যের মুখ্যসচিব ও রাজ্য পুলিশের ডিজিকে দিল্লিতে তলব এবং তিন আইপিএস

আধিকারিককে অস্থায়ীভাবে বদলির নির্দেশ নিয়ে সম্মুখসমরে মোতেছে নবান্ন বনাম দিল্লির নর্থ রক।

অমিত শাহর নিরাপত্তা নিশ্চিত করতে রাজ্য পুলিশের ডিজিকে চিঠি দিয়েছে সিআরপিএফ। তাতে শাহর সফরসূচিতে যে সকল এলাকা বা স্থান রয়েছে, সেখানকার নিরাপত্তা ব্যবস্থার খুঁটিনাটি জানতে চাওয়া হয় বলে নবান্ন সূত্রে খবর। সূত্রের খবর, সেই চিঠিতে জেপি নাড্ডার কনভয়ে হামলার প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে। যদিও বিষয়টিতে বাড়তি গুরুত্ব দিতে রাজি নয় রাজ্য। এ বিষয়ে নবান্নের এক শীর্ষ আধিকারিকের বক্তব্য, “রাজ্য কোনও ভিআইপি এলে তাঁর নিরাপত্তা নিশ্চিত করতে

পুলিশ-প্রশাসনকে সব সময় চিঠি পাঠানো হয়। এটি একটি প্রথা। এই চিঠিও তাই।” দিল্লির চিঠি পাঠানোর আগেই অবশ্য শাহর সফরে নিরাপত্তা সূচিভেদ্য করতে প্রথম থেকেই নেমে পড়েছে রাজ্য প্রশাসন। নবান্ন সূত্রে খবর, শাহর সফরের নিরাপত্তা নিশ্চিত করতে ইতিমধ্যেই কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয়ের প্রক্রিয়া শুরু করা হয়েছে। বৃহস্পতিবারই শাহর জনসভা স্থল মেদিনীপুর কলেজ মাঠে উচ্চ পর্যায়ের নিরাপত্তা বিষয়ক বৈঠক করা হয়েছে সংশ্লিষ্ট সব পক্ষকে নিয়ে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর নিরাপত্তা ও অন্যান্য কর্মসূচি নিয়ে আলোচনা ছাড়া ইতিমধ্যে মহড়া দেওয়া হয়েছে স্থায়ী হেলিপ্যাডেও।

## কেন্দ্রে ডেপুটেশন নিয়ে শীর্ষ আদালতে পংবঙ্গ

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.): তিন আইপিএস অফিসারকে কেন্দ্রে সাময়িক বদলি নিয়ে এবার সুপ্রিম কোর্টে মামলা দায়ের করতে চাইছে চলেছে পশ্চিমবঙ্গ সরকার। আদতে রাজনৈতিক সমীকরণের বিচারে মৌদী সরকারের বিরুদ্ধে দেশের শীর্ষ আদালতের দ্বারস্থ হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। মনে করা হচ্ছে এবার শীর্ষ আদালতেই এই পদস্থ মীমাংসা হতে চলেছে। একই সঙ্গে এই মামলার রায় আগামীদিনে দেশের শীর্ষ আদালতের দ্বারস্থ হবে কেন্দ্র ও রাজ্য সরকারের নিয়ন্ত্রণ অনেকেই নির্ধারন করে দেব বলে অনেকেই মনে করছেন। নবান্ন সূত্রের খবর, মামলায় মূলত রাজ্যের তরফে শীর্ষ আদালতকে জানানো হবে কেন্দ্র সরকার শুধু রাজ্যের অধিকারের হস্তক্ষেপ করছে তাই না, যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো না মেনে রাজ্যের

অধীনে থাকা আমলা ও পুলিশ প্রশাসনকে পর্যন্ত রাজনৈতিক উদ্দেশ্যপ্রনাদিত ভাবে নিয়ন্ত্রণ করতে চাইছে।

বিজেপি-র সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার কনভয়ে হামলার ঘটনার অভিযোগ তুলে রাজ্য পুলিশ প্রশাসনের তিন আধিকারিক রাজি মিশ্রকে, প্রবীণ ত্রিপাঠী ও ভোলানাথ পাণ্ডেকে কেন্দ্রে ফেরত আদালতেই এই পদস্থ মীমাংসা হতে চলেছে। একই সঙ্গে বা নো অবজেকশান সার্টিফিকেটের রাজি হয়নি রাজ্য সরকার। কিন্তু তারপরেও কেন্দ্র চিঠি পাঠিয়ে ওই ও জনকেই কেন্দ্রে পাঠাবার কথা জানায়। শুধু তাই নয় ওই ও জনকে কোথায় কোন পদে যোগদান করানো হবে সেই বিষয়েও জানিয়ে দেওয়া হয়। বলা হয়, রাজীব মিশ্রকে পাঠানো হচ্ছে ইন্দো তিব্বত বর্ডার পুলিশের

আধিকারিকের পদে, প্রবীণ ত্রিপাঠীকে সীমা সুরকা বলে ও ভোলানাথ পাণ্ডেকে কান্ধীর বর্ডার পুলিশ রোড ডিপার্টমেন্টে আজ থেকেই যোগ দিতে হবে। কিন্তু রাজ্য সরকার এনওসি দিতে না পারায় ওই ও আধিকারিক এদিন দিল্লিতে যেতেই পারেননি। কিন্তু এরপর আর রাজ্য সরকারও হাত গুটিয়ে বসে থাকতে চাইছে না। তাই এই ইস্যুকে হাতিয়ার করেই এবার কেন্দ্রের বিরুদ্ধে দেশের শীর্ষ আদালতে মামলা দায়ের করছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার রাজ্যের প্রাক্তন ডিজি ভূপিন্দর সিং জানা, এ রকম বিতর্কে কেন্দ্রের সিদ্ধান্তেই মান্যতা পাওয়ার কথা। যদিও নবান্নের বক্তব্য, তামিলনাড়ুতে কয়েক বছর আগের একটি মামলায় আইনি রায় রাজ্যের আইপিএস অফিসারের পক্ষে গিয়েছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কী হয়, সময়ই তার উত্তর দেবে।

## রাজ্যপালের সঙ্গে বৈশালী ডালমিয়ার সাক্ষাৎ নিয়ে জল্পনা

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.): এভাবে কর্মীনেতাদের বেড়িয়ে গেলে অবশ্যই দলের ক্ষতি হবে। শুক্রবার এই মন্তব্য করেন তৃণমূলের বিধায়ক বৈশালী ডালমিয়া। এদিন তিনি রাজভবনে গিয়ে রাজ্যপাল জগদীপ ধনকরের সঙ্গে দেখা করেন। এই সাক্ষাৎ নিয়ে জল্পনা শুরু হয়েছে। শুভেন্দু অধিকারী-সহ একগুচ্ছ নেতা-কর্মী দল ছেড়ে দেওয়ায় তাঁদের নিছক গাছের পাতার সঙ্গে তুলনা করেছেন তৃণমূলের কিছু শীর্ষনেতা। প্রকাশ্যে দাবি করেছেন, এর জন্য দলকে কিছু ক্ষতি হবে না। বৈশালী অবশ্য ‘হিন্দুস্থান সমাচার’-কে বলেন, “এভাবে কর্মীনেতারা বেড়িয়ে গেলে অবশ্যই দলের ক্ষতি হবে।”

সম্প্রতি হাওড়ার বালি-তে অর্থাৎ তাঁর বিধানসভা কেন্দ্রে কিছু পোস্টারে বৈশালীর বিরোধিতা করে প্রচার হয়। আগামী নির্বাচনে

তাকে ‘বহিরাগত’ হিসাবে সব্যস্ত করে প্রার্থী না করার দাবি তোলা নিয়ে ফোভের কথা দলের উচ্চ নেতৃত্বকে জানিয়ে লাভ হয়নি বলেও দাবি বৈশালীর।

একাশ্যে এই রকম প্রচার করেছে। ভিডিও বাতায় বালির বিধায়ক বলেন, “এরা হামেশাই বলে আমাদের প্রধানমন্ত্রী বহিরাগত। বাইরে থেকে কেউ এলে বহিরাগত বলা হচ্ছে। ভারত একটা দেশ। প্রধানমন্ত্রী আমাদের পরিবারের প্রধান। তাঁকেই বহিরাগত বলা হচ্ছে। আমি তো সেখানে তুচ্ছ।” এরপর দলের সঙ্গে বেশ কিছুটা দুরূহ বাড়ে বালির বিধায়কের।

বালি বিধানসভা কেন্দ্রে তিনি কাজ করতে পারছেন না বলে বেশ কিছুদিন ধরে বৈশালী অভিযোগ করছেন। কয়েকদিন আগে তাঁর আশু সহায়ককে তৃণমূলের

কয়েকজন কাউন্সিলর মারধর করেছেন বলেও অভিযোগ।

এই পরিস্থিতিতে ক্ষুদ্র অন্য নেতাদের মত তিনিও কি দল ছাড়ার কথা ভাবছেন? প্রশ্ন করলে বলেন, “এখনও কিছু কঠিন। গেলো লুকিয়ে যাব না।” তৃণমূলের ‘শত্রু’ হিসাবে চিহ্নিত জগদীপ ধনকরের সঙ্গে কী কথা হল? বৈশালী এই প্রতিবেদককে বলেন, “নিছকই সৌজন্য সাক্ষাৎ। আমার বাবার সঙ্গে রাজ্যপালের সম্পর্ক খুব ভাল ছিল। আমি সময় চেয়েছিলাম। উনি অনুমতি দিয়েছেন।” অন্যদিকে ধনকর জানান, “প্রশাসনের নানা বিষয় নিয়ে কথা সরেছে।” আলোচনার বিষয়বস্তু দু’জনের কেউ প্রচারমাধ্যমকে না জানালেও সূত্রের খবর, তৃণমূলনেত্রী এই সাক্ষাতে সন্তুষ্ট নন।



মঠ চৌমুহনি বাজারে বাবসায়ীদের ট্রেড লাইসেন্স প্রদান করা হয়। ছবি- নিজস্ব।

## তৃণমূল ছাড়ার পরের দিনই শহর জুড়ে শুভেন্দু অধিকারীর সমর্থনে পোস্টার

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি স): একুশের নির্বাচনের আগে সমস্ত জন্মনার অবসান ঘটিয়ে বৃহস্পতিবার তৃণমূলের সঙ্গে সমস্ত সম্পর্ক ত্যাগ করলেন শুভেন্দু অধিকারী। শুভেন্দু অধিকারী ইস্তফা দেওয়ার পরের দিনই শুক্রবার কলকাতাজুড়ে শুভেন্দু অধিকারীর সমর্থনে পোস্টার। বর্তমানে পাখির চোখ একুশের নির্বাচনে। নির্বাচনের আগে শুভেন্দু অধিকারীর দল থেকে ইস্তফায় রাজ্য রাজনীতি সরগরম। বৃহস্পতিবার তৃণমূল দল তাগ করার পরেই শুক্রবার কলকাতার একাধিক জায়গায় শুভেন্দু অধিকারীর নামে পোস্টার। দক্ষিণ কলকাতার রাসবিহারী, টালিগঞ্জ, বোহালাজুড়ে "দাদার অনুগামী" নামে পড়েছে পোস্টার। শুভেন্দু অধিকারীর ছবি সঙ্গে পোস্টার, হোড়িঙয়ে লেখা "নতুন বাংলার সারথি" উল্লেখ্য, সম্প্রতি সরকারি পদ সহ একে একে মন্ত্রিত্ব থেকে পদত্যাগ করেছেন শুভেন্দু অধিকারী। এরপরে জন্মনা উঠেছিল হহতো বিধায়ক পদও ত্যাগ করতে পারেন তিনি। সেই মতই বুধবার নিজের বিধায়ক পদ থেকে ইস্তফা পত্র বিধানসভায় গিয়ে জমা দেন শুভেন্দু অধিকারী। বাকি ছিল তৃণমূলের পদ থেকে ইস্তফা দেওয়া। গতকালই তৃণমূল কংগ্রেসের প্রাথমিক সদস্যপদও ছাড়লেন শুভেন্দু অধিকারী। সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি লিখে দলের সদস্যপদ সহ যাবতীয় পদ ছেড়ে দেওয়ার কথা জানিয়েছেন শুভেন্দু। মুখামত্বীকে দেওয়া চিঠিতে শুভেন্দু অধিকারী লেখেন, তৃণমূলে কাটাচোঁ সমযটুকু আজীবন তাঁর কাছে মূল্যবান হয়ে থাকবে। তাঁকে সুযোগ দেওয়ার জন্যও তৃণমুলনেত্রীকে ধন্যবাদ জানিয়েছেন শুভেন্দু। হিন্দুস্থান সমাচার/ প্যালে/ কাকলি

## যথাযথ কাজ না করলে মূল্যায়ন বিভাগের ইন্সপেক্টরদের পদোন্নতি আটকে দেওয়ার হুঁশিয়ারি

কলকাতা, ১৮ডিসেম্বর (হি. স.): বকেয়া কর আদায়ে করতে এবার উঠে পড়ে লেগেছে কলকাতা পৌরসভা। এবার মূল্যায়ন বিভাগের ইন্সপেক্টররা ঠিকমত কাজ না করলে তাদের পদোন্নতি আটকে দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন কর বিভাগের প্রশাসক মন্ডলীর সদস্য অতীন ঘোষ। পাশাপাশি গুয়েয়ার স্কিমে নাগরিকদের অন্তর্ভুক্ত করানোর বিষয়ে জোর দেওয়া হয়েছে।

কলকাতা পুরসভার চালু করা ট্যাক্স ওয়েভার স্কিমে দ্রুত অন্তর্ভুক্ত হয়ে সংশোধিত বকেয়া পুরকর দ্রুত মিটিয়ে দেবার জন্য কর মূল্যায়ন বিভাগের দায়িত্বপ্রাপ্ত প্রশাসক বোর্ড সদস্য অতীন ঘোষ শহরবাসীর কাছে আবেদন করেছেন। ওয়েভার স্কিমে অন্তর্ভুক্ত না হলে সংশ্লিষ্ট করদাতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে অতীনবাবু হুঁশিয়ারি দিয়েছেন। এদিন তিনি বলেন, '৩১ ডিসেম্বর পর্যন্ত এই স্কিমে কর ছাড়ের জন্য আবেদন করা যাবে। সেই লক্ষ্যে কর মূল্যায়ন বিভাগের ইনস্পেকটরদের বাড়ি বাড়ি গিয়ে করদাতাদের এই স্কিম সম্পর্কে বুঝিয়ে, তাদের এই স্কিমে অন্তর্ভুক্ত করানোর নির্দেশ দেওয়া হয়েছে।' ইন্সপেক্টররা ঠিকমত কাজ করছেন কিনা তার উপরও নজর রাখা হচ্ছে বলে জানান তিনি। একইসঙ্গে কাজে গাফিলতি দেখা গেলে তাদের পদোন্নতি আটকে দেওয়া সহ কড়া ব্যবস্থা গ্রহন করা হবে বলে অতীনবাবু হুঁশিয়ারি দিয়েছেন। উল্লেখ্য, ট্যাক্স ওয়েভার স্কিমে আবেদন করে ২১ ফেব্রুয়ারির মধ্যে বকেয়া পুরকর মিটিয়ে দিলে বকেয়া পুরকরের উপর জমা সুদ ও জরিমানা ১০০ শতাংশ মুকুবের সংখ্যায় রাখা হয়েছে। এরপর আবেদনকারী ৩০ শে মের মধ্যে পুরকর জমা দিলে সুদের উপর ৬০ শতাংশ ও জরিমানার উপর ৯৯ শতাংশ ছাড় পাবেন। হিন্দুস্থান সমাচার/মৌসুমী

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ
জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন যৌজনখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।
বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

<b>জরুরী পরিশেষা</b>
<span></span>
<b>হাসপাতাল<span> </span>: জিবি<span> </span>: ২৩৫-৫৮৮৮ আইজিএম<span> </span>: ২৩২-৫৬৩৬, টি এম সি<span> </span>: ২৩৭ ০৫০৪ চক্রব্যাক্ষ<span> </span>: ৯৪৩৬৪৪২৮০০।</b> <b>আয়ুর্লেপ<span> </span>: একতা সংস্থা<span> </span>: ৯৭৭৪৯৯৮৯৯৬ রু লোটাস ক্লাব<span> </span>: ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর অর্ধাণ ক্লাব<span> </span>: ও আমরা তরুণ দল<span> </span>: ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয়<span> </span>: ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স<span> </span>: ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণাল চৌমুহনী যুব সংস্থা<span> </span>: ৯৬২৫৭০১১৬/সহেতি ক্লাব<span> </span>: ৮৭৯৪১ ৬৮২৮২, অলীক ক্লাব<span> </span>: ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৩২০, রামকৃষ্ণ ক্লাব<span> </span>: ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ<span> </span>: ৯৮৬২৯৯৭৮৩, প্রগতি সংঘ (পূর্ব আড়ালি)<span> </span>: ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি<span> </span>: ২৩১-৯৬৮৮, টিআরটিসি<span> </span>: ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ<span> </span>: ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয়<span> </span>: ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন<span> </span>: ২৩২৬০০০। চাইল্ড লাইন<span> </span>: ১০৯৮ (টোলফ্রি<span> </span>: ২৪ ফন্ট)। ব্লাড ব্যাঙ্ক<span> </span>: জিবি<span> </span>: ২৩৫-৬২৮৮ (পি বি এন্ড), আইজিএম<span> </span>: ২৩২-৫৭৩৬, আই এল এস<span> </span>: ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কঙ্গামোলিটন ক্লাব<span> </span>: ৯৮৬৫০ ৩৩৭৭৬, শববাহী যান<span> </span>: নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা<span> </span>: ৭৬৪২৮৪৪৬৫৬ বটভলা নাগেরজলা স্ট্যাড ডেভেলোপমেন্ট সোসাইটি<span> </span>: ০৩৮১-২৩৭ ১২৩৪, ৮৯৭৪৮৬০৩০৫, ৯৮৬২৭০৫২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব<span> </span>: ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ<span> </span>: ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৬৬৮৬৭১২০, রু লোটাস ক্লাব<span> </span>: ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট<span> </span>: ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন<span> </span>: ২৩৮-৬৪২৬, রিলিভার্স<span> </span>: ৮৮৩০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন<span> </span>: ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায়মূল্যের দোকান পরিদালক সমিতি<span> </span>: ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী)<span> </span>: ৮৭২৯৯১২৩৩৪, আগস্তক ক্লাব<span> </span>: ৭০০৫৪৬০০৩৫/৯৪৩৬৫৯৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন<span> </span>: ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস<span> </span>: প্রধান স্টেশন<span> </span>: ১০১/২৩২-৫৬৩৬, বাধারঘাট<span> </span>: ২৩৮ ৩১০১ পুলিশ<span> </span>: পশ্চিম থানা<span> </span>: ২৩২-৫৭৬৫, পূর্ব থানা<span> </span>: ২৩২-৫৭৭৪, আমতলী থানা<span> </span>: ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা<span> </span>: ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল<span> </span>: ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ<span> </span>: বনমালীপুর<span> </span>: ২৩২-৬৬৪০, ২৩০-৬২০০। দুর্গা চৌমুহনী<span> </span>: ২৩২-০৭৩০, জিবি<span> </span>: ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী<span> </span>: ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম<span> </span>: ২৩২-৬৪৪০। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া<span> </span>: ২৩৪১৯০২, ২৩৪-২০২৩, এয়ার ইন্ডিয়া টেল ফ্রি নম্বর<span> </span>: ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-৫৪০৭, ইন্ডিয়া<span> </span>: ২৩৪-১২৩৩, স্পাইস জেট<span> </span>: ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস<span> </span>: রিজার্ভেশন<span> </span>: ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস<span> </span>: টি আর টি সি বিল্ডিং<span> </span>: ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন<span> </span>: ৩৩৮১-২৩৭৭৪৫২।</b>

## তিলজলায় যুবককে কুপিয়ে খুনের চেপ্টা

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি স): মাঝে মাধেই রাতের কলকাতার বিরুদ্ধে ওঠে নিরাপত্তাহীনতার অভিযোগ। ফের রাতের শহরের বিরুদ্ধে উঠল অভিযোগ। বৃহস্পতিবার গভীর রাতে তিলজলায় যুবককে কুপিয়ে খুনের চেপ্টা। শুক্রবার ঘটনার নেপথ্যে কে বা কি কারণ তদন্ত নেমেছে কলকাতা পুলিশ।

এর আগেও একাধিকবার শ্রীলতাহানি থেকে নিরাপত্তার অভাবের অভিযোগ উঠেছে রাতের শহরে বিরুদ্ধে। এরই মাঝে ফের রাতের শহরে খুন। অভিযোগ উঠেছে, বৃহস্পতিবার গভীর রাতে তিলজলায় এক যুবককে খুনের চেপ্টা করা হয় তারই বাড়ির সামনে। যুবককে খুনের চেপ্টা করা হলে ওই আহত যুবক চিকিৎসার করতে থাকে। ওই যুবকের চিকিৎসার পালায় দুর্ভুতীরা। পুরনো কোনও শ্রুত্বা নাকি অন্য কোনও কারণ তা খতিয়ে দেখছে কলকাতা পুলিশ। দুর্ঘটনার পর গুরুতর আহত অবস্থায় ওই যুবককে ভর্তি করা হয়েছে হাসপাতালে।

## ফের এসএসকেএমের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ

কলকাতা, ১৮ ডিসেম্বর ( হি স): করোনা আবহে একাধিকবার শহরের বিভিন্ন হাসপাতালের বিরুদ্ধে উঠেছে চিকিৎসায় গাফিলতি থেকে রোগী হয়রানির অভিযোগ। এরই মাঝে ফের কাঠগড়ায় এসএসকেএম হাসপাতাল। এবার বিনা চিকিৎসায় যুবক মৃত্যুর অভিযোগ উঠল এসএসকেএমের বিরুদ্ধে। শুক্রবার অভিযোগ দায়ের ভবানীপুর থানায়। রোগীর পরিবারের তরফে অভিযোগ, বৃহস্পতিবার গভীর রাতে কসবার বাসিন্দা এক যুবককে গুরুতর আহত অবস্থায় ভর্তির জন্য আনা হয় এসএসকেএম হাসপাতালে। দুর্ঘটনায় আহত হয়েছে ওই যুবক এমনটাই খবর পরিবার সূত্রে। ওই যুবককে এসসকেএম হাসপাতালে আনা হলে ট্রমা কেয়ার সেণ্টারে দীর্ঘক্ষন ফেলে রাখার অভিযোগ তুলেছে রোগীর পরিবার। এরপর দীর্ঘক্ষন কেটে যাওয়ার চিকিৎসা না পাওয়ার ওই যুবকের মৃত্যু হয় বলে অভিযোগ পরিবারের। কর্তব্যত চিকিৎসকদের গাফিলতির কারণেই মৃত্যু যুবকের অভিযোগ মৃতের পরিবারের। এরপরেই শুক্রবার সকালে ভবানীপুর থানা অভিযোগ দায়ের করে রোগীর পরিবার। যদিও এই বিষয়ে কোনও প্রতিক্রিয়া মেলেনি এসএসকেএম হাসপাতাল কর্তৃপক্ষের।

## সংখ্যালঘু অধিকার দিবসে তাদের অধিকারের বার্তা কৈলাশ বিজয়বর্গীয়ার

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.) : সংখ্যালঘু অধিকার দিবসে বার্তা দিলেন বিজেপি-র সর্বভারতীয় সাধারণ সম্পাদক কৈলাশ বিজয়বর্গীয়া। শুক্রবার তিনি বলেন, “সংখ্যালঘু অধিকার দিবসে আমাদের সংখ্যালঘু সমাজের প্রতি অধিকারের কথা স্মরণ করিয়ে দেয়। মৌদী সরকার সিএএ আইন লাও করে প্রতিকেশী দেশে বসবাসকারী সংখ্যালঘুদের ভারতে বসবাস করার অধিকার দিয়েছেন। এটি সংখ্যালঘুদের প্রতি প্রথম বড় পদক্ষেপ কোনো দেশের তরফ থেকে।”হিন্দুস্থান সমাচার/ অশোক

## যারা দুর্নীতি, গুন্ডামি, মস্তানি করেছে, তাদের বিজেপি-তে নেওয়া হবে না

কলকাতা,১৮ ডিসেম্বর (হি. স.) : তৃণমূল থেকে বিজেপি-তে নেতা-কর্মীদের আসার ব্যাপারে প্রশ্ন দেখা দিয়েছে বিভিন্ন মহলে। শুক্রবার এ ব্যাপারে প্রতিক্রিয়া দিলেন বিজেপি-র সাংসদ তথা দলের রাজ্য সাধারণ সম্পাদক লক্কেট চট্টোপাধ্যায়। তৃণমূল এ রাজ্যে বিজেপি-র প্রধান প্রতিদ্বন্দ্বী। তাহলে ওই দলের নেতা-কর্মীদের নিয়ে কাজ করবেন কীভাবে? এই প্রশ্নের উত্তরে লক্কেট বলেন, “দেখুন যারা ভাল, মানুষের জন্য কাজ করতে এসেছেন, মন বড়, তাঁদের জন্য ভারতীয় জনতা পার্টিতে দরজা খুলে রাখা হয়েছে। কিন্তু যারা দুর্নীতি, গুন্ডামি, মস্তানি করেছে, তাদের এই দলে নেওয়া হবে না। জিতেন্দু তিওয়ারীকে দলে নেওয়ার ব্যাপারে বাবুল সপ্তিয়র তীব্র প্রতিবাদ সম্পর্কে প্রশ্ন করলে লক্কেট বলেন, “বাবুল নিজের মতামত জানিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় নেতৃত্ব বিবেচনা করছেন। আমাদের লড়াইটা ছিল তৃণমূলের সঙ্গে। এখন তা তৃণমূল দলটাই থাকবে না। লড়াইটা একপেশে হয়ে যাবে। ২০১৯-এ যে হাড্ডেহাড্ডি লড়াই হয়েছিল, সেই পরিবেশ আর থাকছে না।”

## অমিত শাহকে স্বাগত জানানোর ব্যানার ঘিরে বিতর্ক

কলকাতা,১৮ ডিসেম্বর (হি. স.) : কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর প্রচার-ব্যানার ঘিরে প্রশ্ন দেখা দিয়েছে বিভিন্ন মহলে। বোলপুরে গেরায়া রওঞ্জর এই ব্যানারে ওপরে অমিত শাহের মুখের ছবি। এর পর রবীন্দ্রনাথ ঠাকুর এবং অনুপম অধিকারীর মুখ। দুই বিজেপি নেতার মুখের ছবি স্পষ্ট। রেখাচিত্র হওয়ায় রবীন্দ্রনাথের মুখ তুলনায় অস্পষ্ট।

মণীষীদের শ্রদ্ধা জানাতে গিয়ে অনেক ক্ষেত্রে রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দফতর প্রচার-ব্যানার ও হোড়িঙয়ে এমনভাবে তৃণমূল নেত্রীর মুখের বড় ছবি দেখিয়েছে, যেগুলো নিয়ে নানা সময় বিতর্ক হয়েছে। প্রশ্ন উঠেছে তৃণমূলনেত্রীর চ্যারাক্‌চারের সঙ্গে বিজেপি-র প্রচারের পার্থক্যটা কী?প্রতিক্রিয়ায় প্রাক্তন উপচার্য অচিন্তা বিশ্বাস হিন্দুস্থান সমাচার-কে বলেন, “অনুপম হাজারার মুখামির পরিচয় এঁে পোস্টারে! আপত্তির, অনুচিত। রবীন্দ্রনাথকে রাজনৈতিক অনুষ্ঠানের সঙ্গে মেলানোর কোনও অর্থ হয় না।” যদিও এ ব্যাপারে বিজেপি-র তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, “‘অমিত শাহ জি’র শান্তিনিকেতন সফরের ঠিক আগে, পূর্ব পরিকল্পিতভাবে, তৃণমূলের বিশৃঙ্খলা সৃষ্টির অভিঘন পশ্ব।”।এক ভৌতিক প্রতিষ্ঠান’ (যা’র বাস্তবে কোন অস্তিত্ব নেই)”এর উদ্যোগে গোটা বোলপুর-শান্তিনিকেতনে ছেয়ে গেল গুন্ডাবেরােক অবমাননাকর এই পোস্টার; মজার ব্যাপার হলো, তৃণমূল সমর্গিত যে প্রতিষ্ঠান অমিত শাহ জি’র মিছিলে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য ‘প্রতীকী পৌষ মেলা’ করতায়, তার সঙ্গে এই ভৌতিক প্রতিষ্ঠান নামের খুব মিল !!!.বাকিটা বুঝে নিন !!!”বিজেপি-র বুদ্ধিজীবী শাখার আস্থায়ক পরিষেব সেমভুৎ প্রতিক্রিয়ায় হিন্দুস্থান সমাচার-কে বলেন, “এই ধরনের কোনো সংঘর্ষনের সঙ্গে বিজেপির যোগ নেই। এরা কী উদ্দেশ্যে এই ধরনের হোড়িঙ দিয়েছে তাও জানি না। মনে হচ্ছে বিজেপিকে হেয় করতেই এটা করা হয়েছে। বিজেপি রবীন্দ্রনাথকে শ্রদ্ধার আসনেই রাখতে চায়।”হিন্দুস্থান সমাচার/ অশোক

## শুক্রবার রাত থেকেই পারদ নামবে শহর জুড়ে

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.) : শুক্রবার রাত থেকেই শহর জুড়ে নামতে পারে পারদ। আগামী রবিবার ও সোমবার কলকাতায় পারদ নামতে পারে ১২ ডিগ্রি সেলসিয়াসে। শনিবার থেকে মঙ্গলবার বেশ জাঁকিয়ে শীত পড়বে রাজ্য তথা কলকাতায়। তবে মঙ্গলবার থেকে ফের বাড়বে তাপমাত্রা।

নতুন করে পশ্চিমী ঝঞ্ঝার ঢুকবে রবিবার জন্মু-কাশ্মীরে। তার আগে শেতাপ্রবাহের পরিস্থিতি উত্তর পশ্চিম ভারতেও এই শীতল হাওয়ায় মধ্যভারত পার হয়ে পূর্ব ভারতে জাঁকিয়ে ঠান্ডার পরিস্থিতি তৈরি করবে। কলকাতায় এদিন পরিষ্কার আকাশ। পারদে সর্বনিম্ন তাপমাত্রা ১৬.৩ডিগ্রী। আজও স্বাভাবিকের ২ ডিগ্রি উপরে। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৬.২ ডিগ্রী স্বাভাবিকের থেকে ১ ডিগ্রি নিচে। বাতাসে জলীয়বাষ্পের সর্বোচ্চ পরিমাণ ৯৫ শতাংশ। হিন্দুস্থান সমাচার/মৌসুমী

## করোনা মৃতদেহ দাহর জন্য আলাদা শ্মশানের প্রয়োজন নেই, জানালো পুর কর্তৃপক্ষ

কলকাতা, ১৮ডিসেম্বর (হি. স.): কোভিড মৃতদেহ থেকে কোনওরকম সংক্রমণ ছড়ানোর আশঙ্কা থাকে না। তাই শহরের প্রতিটি শ্মশানেই কোভিড মৃতদেহ দাহ করা যেতে পারে। এমনটাই জানিয়েছেন কলকাতা পুরসভার প্রশাসক মন্ডলীর স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত সদস্য অতীন ঘোষ।

এই প্রসঙ্গে অতীন ঘোষ জানান, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও বিশেষজ্ঞরা বলছেন কোভিডে আক্রান্ত হয়ে মৃত মানুষ নিশ্বাস প্রশ্বাস নেয় না, তারা কোনোনোবেই ড্রপলেট ছুঁতে পারে না, ফলে কোভিড মৃতদেহ দাহ করার জন্য নির্দিষ্ট শ্মশান রাখার কোনও প্রয়োজন নেই। অন্য যে কোনও শ্মশানে অন্য যেকোনও রোগে মৃত ব্যক্তির দাহ করা চুল্লিতেই কোভিড মৃতদেহ দাহ হতে পারে। কলকাতার আসেপাশের পুরসভাগুলিতেও কোভিড মৃতদেহ দাহ করার জন্য কোনও নির্দিষ্ট শ্মশান নেই। এ বিষয়ে মানুষেরে ভ্রুংমাণ দূর করতে হবে। সব শ্মশানেই কোভিড দেহ দাহ হলে মৃতের পরিজনরা ধর্মীয় আচার আচরণ পালন করতে পারবেন, তাছাড়া সঙ্গে সঙ্গেই মৃত ব্যক্তির মৃত্যু শংসাপত্র দেওয়া সম্ভব হবে। এই দাবি তিনি পুর প্রশাসক বোর্ডের চেয়ারম্যান ফিরহাদ হাকিমের মাধ্যমে রাজ্য সরকারের কাছে রাখবেন বলে অতীনবাবু জানান।

উল্লেখ্য, বর্তমানে শুধুমাত্র পূর্ব কলকাতার ধাপা, উত্তর কলকাতার নিমতলা ও দক্ষিণ কলকাতার বিরজুলাশা শ্মশানে কোভিড মৃতদেহ দাহ হয়।এদিকে, মানুষের সুবিধার্থে কাশিপুর মহাশ্মশানে চতুর্থ বৈদ্যুতিক চুল্লি খুব শীঘ্রই চালু হবে বলে অতীনবাবু জানান। হিন্দুস্থান সমাচার/মৌসুমী / কাকলি

## এবার তৃণমূল ছাড়লেন তৃণমূল বিধায়ক শীলভদ্র দত্ত

কলকাতা,১৮ ডিসেম্বর (হি. স.) : এবার তৃণমূল ছাড়লেন তৃণমূল বিধায়ক শীলভদ্র দত্ত। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি পাঠিয়ে পদত্যাগের কথা জানিয়েছেন তিনি। দলনেত্রীকেই স্নেহ করে পদত্যাগপত্র পাঠিয়েছেন তিনি। বিধায়ক জানিয়েছেন, দলের প্রাথমিক সদস্যপদ থেকে ইস্তফা দিয়েছেন তিনি।

শীলভদ্রবাবু বরাবরই মুকুল রায়ের অনুগামী বলে পরিচিত। ফলে মুকুল রায় তৃণমূল ছাড়ার পর থেকেই তিনি দলে কোণঠাসা হয়ে পড়েছিলেন। ফলে ক’মাস আগে জানান, তৃণমূলের হয়ে তিনি আর আগামী বিধানসভা নির্বাচনে লড়বেন না। কিন্তু সম্প্রতি তাঁর মান ভাঙতে উদ্যোগী হয় তৃণমূল। যদিও নিজের সিদ্ধান্ত বদলাননি বিধায়ক। তৃণমূল প্রশান্ত কিশোর এবং তাঁর দলের কাজকর্ম নিয়ে প্রকাশ্যেই সরব হন শীলভদ্র দত্ত। সুত্রের খবর, শনিবারই বিজেপি-তে যোগদান করতে চলেছেন শীলভদ্রবাবু। মেদিনীপুরে অমিত শাহের সভাতেই তিনি বিজেপি-তে যোগদান করছেন বলে খবর। যদিও সেকথা স্বীকার করেননি তিনি। তবে বিধায়ক পদ ছাড়ছেন না। সাধারণ মানুষের অসুবিধার কথা ভেবেই তিনি বিধায়ক পদ ছাড়ছেন না বলে দাবি করেছেন তিনি শনিবার শীলভদ্র দত্তের ব্যারাকপুরের অফিস থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি সরিয়ে দেওয়া হয়। তার বদলে লাগানো হয়েছে স্বামী বিবেকানন্দের ছবি। পাশাপাশি দেওয়ালের নব বদলেও গেরায়া করে দেওয়া হয়েছে।

## শীঘ্রই আন্দোলনে নামবেন আপার প্রাইমারির চাকরিপ্রার্থীরা

কলকাতা, ১৮ ডিসেম্বর (হি. স.) : নিয়োগের দাবিতে শীঘ্রই আন্দোলনে নামবেন আপার প্রাইমারির চাকরিপ্রার্থীরা। তাঁদের অভিযোগ, দীর্ঘ সাত বছর কেটে গেলেও বর্তমান সরকার আপার প্রাইমারিতে শিক্ষক নিয়োগ করতে ব্যর্থ। প্রতিবাদে বৃহস্পতিবার দিনভর বিক্ষোভ দেখান। শুক্রবার চাকরিপ্রার্থীরা জানান, শীঘ্রই তাঁরা আন্দোলনের ডাঙল রূপরেখা তৈরি করবেন। তাঁদের বক্তব্য, ১) ২০১৩ সাল থেকে পরীক্ষার ফর্ম ফিলাপ শুরু হয় এবং ২০১৫ সালের আগস্ট মাসে পরীক্ষা হয়। ২) ফল প্রকাশ হয় ২০১৬ সালে দীর্ঘ দুই বছর পর ২০১৯ সালের জুলাই মাসে তা খতিয়ে, সাক্ষাৎকার সমাপ্ত হয় এবং অক্টোবর মাসে কমিশন মেঘাতালিকা বার করে। ৩) এর পরই শুরু হয় হাইকোর্টে মামলা। একাধিক দুর্নীতি অন্বেষণ্তা বিরুদ্ধে মামলা হয়। ২০২০-র ১১ ডিসেম্বর হাইকোর্ট রায় দেয় এবং পুরো প্রক্রিয়াকে বাতিল বলে গণ্য করে। ৪) দীর্ঘদিন ধরে চলে আসা প্রক্রিয়া বাতিল হওয়ায় সাধারণ চাকরিপ্রার্থীর মনে বিক্ষোভ ও হতাশা সঞ্চার হয়। তাই এদিন নতুন চেয়ারম্যান শুভঙ্কর সরকারকে গুন্ডেছা ও আপার প্রাইমারি দ্রুত নিয়োগের পক্ষে স্মারকলিপি দেওয়া হয়। হিন্দুস্থান সমাচার/ অশোক

## কিছু আসে যায় না, একের পর এক নেতাদের দল ত্যাগ প্রসঙ্গে পার্থ চট্টোপাধ্যায়

কলকাতা, ১৮ডিসেম্বর (হি. স.): বিধানসভা নির্বাচনের আগে একের পর নেতা মন্ত্রী বিধায়করা দল ছাড়ছেন। শুক্রবারেও তৃণমূল থেকে পদত্যাগ করেছেন ব্যারাকপুরের বিধায়ক শিলভদ্র দত্ত। তবে এতে তেমন আমল দিতে নারাজ দলের মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়। তাঁর কথায়, ‘অনেকেই যাবে। কিছু এসে যাক্কে না’। এই দল ছাড়ার প্রসঙ্গে চিন্তিত না হয়ে পার্থবাবু জানান, ‘অনেকেই যাবে। কিছু এসে যাক্কে না। যারা দলের সৈনিক তারা দলেই থাকবে। যারা লড়ে, যারা মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি আস্থাশীল, মানুষের কল্যাণে আস্থাশীল তারা সবাই জোটবন্ধ- এক্যবদ্ধ। এদিক-ওদিক গেলে বড় গাছের দু-চারটি পাতা খসে পড়ে গেলে কিছু এসে যায় না।’

প্রসঙ্গত, সরকারি পদ, মন্ত্রীত্ব ছাড়ার পর বিধায়ক পদ ত্যাগ করেছেন শুভেন্দু অধিকারী। গতকাল মুখামত্বীকে দল ছাড়বেন জানিয়ে চিঠিও দিয়েছেন। এরপরেই আসানসোলের পুর প্রশাসক জিতেন বিজয়্যারি দল ছেড়েছেন। আজ ব্যারাকপুরের বিধায়ক শীলভদ্র দত্ত দল ত্যাগ করেছেন। এমনকি কাল শুভেন্দু অধিকারীর দলত্যাগের পরেই একের পর এক তাঁর ঘনিষ্ঠ নেতা দল ত্যাগ করেছেন। যা নির্বাচনের আগে বেশ খানিকটা ভাবিচ্ছে দলকে। হিন্দুস্থান সমাচার/মৌসুমী / কাকলি

### কুমারঘাটে

- প্রথম পাতার পর** স্বাভাবিক ট্রেন চলাচলে বিশ্ব ঘটছে। তিনি জানান, দুপুর সাড়ে তিনটা নাগাদ ইঞ্জিনটি রেল লাইনে তোলা সম্ভব হয়েছে। বাকি উদ্ধারকার্য সমাপ্ত হওয়ার পর বিকেল ৩টা ৫০ মিনিট নাগাদ ওই ট্রেন আগরতলার উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে। তিনি আরও বলেন, ইঞ্জিন লাইনচ্যুত হওয়ায় কয়েকটি ট্রেন-র স্বাভাবিক চলাচলে বিশ্ব ঘটছে। তাতে, আগরতলা-শিলাচর স্পেশাল প্যাসেঞ্জার ট্রেন সকালের বদলে দুপুর সাড়ে তিনটায় আগরতলা স্টেশন থেকে ছেড়েছে। তেমনি, শিলাচর-আগরতলা স্পেশাল প্যাসেঞ্জার ট্রেন ধর্মনগর পর্যন্ত এসেছে। শিলালদহ-আগরতলা স্পেশাল চূড়ইবাড়ি পর্যন্ত এসেছে। এছাড়া ০০৩২৭ ট্রেন কলকলিঘাট পর্যন্ত এবং ০১৬৩৬ ট্রেন বদরপুর পর্যন্ত এসেছে।

অন্যদিকে আগরতলা-ধর্মনগর এবং ধর্মনগর-আগরতলা পাস স্পেশাল ট্রেন দুইটি আজ বাতিল করা হয়েছে।

### স্বাক্ষরিত

- প্রথম পাতার পর** তোলা। সেই লক্ষ্যেই রাজ্যের সার্বিক বিকাশে জোর দিয়েছে সরকার। সমস্ত কৃষি থেকে স্বাস্থ্য, শিক্ষা থেকে পর্যটন, নগরোন্নয়ন-চলছে বিকাশের নিরবিচ্ছিন্ন কর্মসূচী।

## হাইকোর্টের

- প্রথম পাতার পর** জন্য বিজ্ঞপ্তি জারি হয়েছিল। ২০১২ সালে পূর্বতন সরকার ৯৬২ জনকে নিয়োগপত্র দিয়েছিল। চাকরিতে যোগে দেওয়ার সময় বিজ্ঞান শিক্ষকদের বেতন ভাতা ছিল ৭০৬০ টাকা। বর্তমানে তারা পাচ্ছেন ২০, ৪৭৫ টাকা। নিয়োগপত্রের শর্ত অনুযায়ী ২০১৭ সালেই বিজ্ঞান শিক্ষকদের পাঁচ বছর অতিক্রান্ত হয়ে গেছে। ফলে তাঁদের নিয়মিত করা উচিত ছিল। কিন্তু পূর্বতন সরকার তখন বিজ্ঞান শিক্ষকদের নিয়মিত করেনি। ২০১৮ সালে ত্রিপুরায় সরকার পরিবর্তন হয়। পরবর্তী সময় বিজ্ঞান শিক্ষকরা আর্জি জানিয়ে উচ্চ আদালতে পৃথকভাবে তেরটিটি মামলা দায়ের করেন। সবগুলি মামলাই একসঙ্গে করে বুধবার চূড়ান্ত শুনানি গ্রহণ করেন প্রধান বিচারপতি শ্রীকুরেশি। আজ ওই মামলার রায় দিয়েছেন তিনি। এ-বিষয়ে সরকারি আইনজীবী দেবালয় ভট্টাচার্যী বলেন, যাঁদের নিয়োগ বৈধ এবং ২০১৭ সালে চাকুরীর ৫ বছর অতিক্রান্ত করেছেন তাঁদের নিয়মিত বেতনক্রম দেওয়ার জন্য উচ্চ আদালত নির্দেশ দিয়েছে। এক্ষেত্রে ৯৬২ জন বিজ্ঞান শিক্ষক-কে নিয়মিত বেতনক্রম দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি অক্ষিল কুরেশি। শুধু তাই নয়, ৬ মাসের মধ্যে সমস্ত প্রক্রিয়া সমাপ্ত করার জন্য নির্দেশ দিয়েছেন তিনি।

### কারাদন্ড

- প্রথম পাতার পর** দায়রা জজ আদালত দীর্ঘ শুনানির পর এই মামলার চূড়ান্ত রায় ঘোষণা করেন জেলা ও দায়রা জজ অভিযুক্ত বিদ্যাল় মিয়া কে এই মামলায় দোষী সাব্যস্ত করে সাত বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছে। মামলার রায়ে সন্তোষ প্রকাশ করেছেন এলাকার জনগণ।

আদালতের এ ধরনের রায় বিচার ব্যবস্থার প্রতি সাধারণ মানুষের আস্থা আরো বাড়তে বলে তারা অভিমত ব্যক্ত করেছেন।এধরনের রায়ের ফলে শ্রীলতাহানি ধর্ষণসহ অপর্যাপ্ত প্রকৃতা ব্লাস পাওয়ার সম্ভাবনা রয়েছে বলেও অনেকে অভিমত ব্যক্ত করেছেন যেকোনো অপর্যাপ্তপ্রবণতার পর আদালত যদি সঠিক বিচার না করে তাহলে আদালতের প্রতি মানুষের আস্থা ও বিশ্বাস দৃঢ় হতে পারে না বলেও সাধারণ মানুষের অভিমত।সোনামুড়া জেলা ও দায়রা জজ আদালত এক মহিলাকে শ্রীলতাহানি ও ধর্ষণের ঘটনায় অভিযুক্ত যুবককে সশ্রম কারাদণ্ডের নির্দেশ আদালতের প্রতি তাদের আস্থা প্রকাশ করেছেন সাধারণ মানুষ জন।

### ছয়জন

- প্রথম পাতার পর** গৃহবধুটি স্বামীর হাতে আক্রান্ত হওয়ার পর বিষয়টি সে তার বাপের বাড়ির লোকজন জানায়। খবর পেয়ে বাপের বাড়ির লোকজন ছুটে আসলে উভয়ক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয় লোকজন এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারেননি। শেষ পর্যন্ত স্থানীয় লোকজন পুলিশকে খবর দেন।

### কমিটির

- প্রথম পাতার পর** বঞ্চিত হয়েছেন তারা। তিনি বলেন, মুখামত্বীর সাথে বৈঠকের আর্জি জানিয়ে লিখিত চিঠিও দিয়েছেন তারা। কিন্তু তাতেও মুখামত্বীর দফতর থেকে কোন ধরনের সাড়া পাওয়া যায়নি। এদিন সাংবাদিক সম্মেলন করে বিগত বামক্রন্ট আমলের রাজধানীর বিভিন্ন উন্নয়নমূলক কাজের ফিরিস্তিও তুলে ধরেন তিনি। পাশাপাশি বর্তমান রাজ্য সরকার সামাজিক ভাতা প্রাপকের তালিকা থেকে যে পদ্ধতিতে ভাতা প্রাপকদের বাদ দেওয়া হয়েছে তারও তীব্র আপত্তি জানান তিনি।

# অ্যাডিলেডে দাপট অব্যাহত

## বোলারদের, লিড নিলো ভারত



অ্যাডিলেডে। অস্ট্রেলিয়ান পিচে স্বপ্নের বোলিং পারফরম্যান্স উপহার দিলেন ভারতীয় বোলাররা। প্রথম ইনিংসে লিড এনে দিয়ে স্বস্তিতে রাখলেন ভারতীয় ক্রিকেট দলকে। দ্বিতীয় দিনের শেষে ভারতের মোট লিড গিয়ে দাঁড়ায় ৬২ রান। ভারতের প্রথম ইনিংসে ২৪৪ রানের জবাবে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংস গিয়ে থামে ১৯১ রানে। ৫৩ রানের লিড নিয়ে খেলতে নেমে ভারত দ্বিতীয় ইনিংসে দ্বিতীয় দিনের শেষ পর্যন্ত ১ উইকেট হারিয়ে স্কোর বোর্ডে যোগ করে ৯ রান। ভারতের পক্ষে প্রথম ইনিংসে রবিচন্দ্রন অশ্বিন মূল্যবান ৪ টি উইকেট তুলে নেন অস্ট্রেলিয়ার ৬ উইকেটে ২৩৩ রান থেকে ভারত দ্বিতীয় দিনে প্রথম ইনিংসে শুরু করে। শেষ দিনের দুই অক্ষত ব্যাটসম্যান খজিমান শাহা (৯) এবং রবিচন্দ্রন অশ্বিন (১৫) ড্রেসিংরুমে ফিরে যেতেই ভারতের বড় স্কোর গড়ার স্বপ্নও ভেঙে যায়। ২৪৪ রানে থেমে যায় ভারতের প্রথম ইনিংসে। অস্ট্রেলিয়ার পক্ষে মিচেল স্টার্ক ৫৩ রানে ৪ টি এবং কামিশ ৪৮ রানে ৩ টি উইকেট নেন। অস্ট্রেলিয়ার প্রথম ইনিংসে জবাবি হামলা মোটেও সুখকর হয়নি। উমেশ যাদব, যশপ্ৰীত বুমরা এবং রবিচন্দ্রন অশ্বিনের ধারাবাহিক বিস্কোরনে নাস্তানাবুদ হয়ে যায় অস্ট্রেলিয়ার ব্যাটিং আক্রমণ বিভাগ। দুই ওপেনার ম্যাথিউ ওয়ায়েড (৮) এবং জে বার্নস (৮) কে সাঙ্ঘর্ষে ফেরত পাঠিয়ে অস্ট্রেলিয়ান শিবিরে জোর ধাক্কা

### রেহনেশের দস্তানায় অপরাধিত থাকার দৌড় শেষ নর্থ-ইস্টের

পানাডি: হতে পারত আরও একটা ড্র। আরও একটা ম্যাচ অপরাধিত থেকে আইএসএলে নিজেদেরই অপরাধিত থাকার বেকবুজি দিয়ে যেতে পারত নর্থ-ইস্ট ইউনাইটেড। কিন্তু টিপি রেহনেশের দস্তানায় চলতি আইএসএলে প্রথম হারের মুখ দেখল হাইল্যান্ডাররা। ভাস্কোর তিলক ময়াদনে শুরুবার জামশেদপুর এফসি ১-০ গোলে হারাল নর্থ-ইস্ট ইউনাইটেডকে। ইন্ডিয়া সিঙ্গার পেনাল্টি বাঁচিয়ে দলকে তিন পয়েন্ট এনে দিলেন জামশেদপুর গোলরক্ষক টিপি রেহনেশ। নর্থ-ইস্ট বনাম জামশেদপুর এফসি'র মধ্যে এদিনের ম্যাচটি ছিল আইএসএলের ৫০০তম ম্যাচ। গত ম্যাচের একাদশে জোড়া পরিবর্তন নিয়ে এদিন মাঠে নেমেছিলেন নর্থ-ইস্ট কোচ জেরার্ড নাস। অন্যদিকে তিনটি পরিবর্তন এনে নর্থ-ইস্টের বিরুদ্ধে জয়ের স্ট্র্যাটেজি সাজিয়েছিলেন জামশেদপুর কোচ ওয়েন কয়েল। প্রথমার্ধটি খানিকটা নিষ্ফলই বলা চলে। বিপক্ষের গোলে একটি শটও অন-টার্গেট রাখতে ব্যর্থ হয় দু'দলই। গোলমুখে সেভাবে আক্রমণ না আসায় গোলের মুখও খোলেনি। দু'দলই একটি করে ক্ষেত্রে প্রথমার্ধে গোলের কাছ পেঁছিয়েছিল, কিন্তু সফল হয়নি। দ্বিতীয়ার্ধটি গোল তুলে নেওয়ার জন্য বেশ তেড়েফুঁড়ে শুরু করে হোম টিম নর্থ-ইস্ট। কিন্তু প্রতি-আক্রমণে প্রথম গোলটি করে যায় রেড মহিন্দার। ড্যানমালসামা হয়ে জ্যাকির্চাঁদ সিং'র ক্রসনর্থ-ইস্টবলে অরক্ষিত অনিকেত যাদবের কাছে পৌঁছয়। সহজ সুযোগ হাতছাড় না করে দলকে এগিয়ে দেন অনিকেত। তবে পিছিয়ে পড়েও দেমনি হাইল্যান্ডাররা। ক্রমাগত বিপক্ষ গোলমুখে আক্রমণ শানিয়ে যায় তারা। ৬৫ মিনিটে ফ্লকরণ পেনাল্টিও পেয়ে যায় তারা। বস্কোর মধ্যে সিস্টেমে এজে নর্থ-ইস্ট ডিফেন্ডার বেঞ্জামিন ল্যান্ডটকে বল রিসিভ করার সময় পিছন থেকে ধাক্কা দিয়ে ফেলে দিলে পেনাল্টি প্রদান করেন রেফারি। কিন্তু স্পটকিক থেকে ঘানাইয়ান স্ট্রাইকার সিঙ্গার শট বাঁ-দিকে বাঁপিয়ে পড়ে রক্ষা করেন টিপি রেহনেশ। পেনাল্টি-নষ্ট করে বেশ কিছুটা হতাশাদাম হয়ে পড়া নর্থ-ইস্টের বিরুদ্ধে ব্যবধান বাড়িয়ে নেওয়ার সুযোগ এসেছিল জামশেদপুরের। কিন্তু ৭৯ মিনিটে জ্যাকির্চাঁদের ক্রস নর্থ-ইস্ট গোলরক্ষককে পরাস্ত করলেও পোস্টে প্রতিহত হয়। ফলে আর ব্যবধান বাড়িয়ে নিয়ে পারেনি কয়েলের দল। অন্যদিকে জামশেদপুর রক্ষণের ডেডলক খোলা হয়ে ওঠেনি নর্থ-ইস্টেরও। সবমিলিয়ে একমাত্র গোলই টুর্নামেন্টের দ্বিতীয় জয় নিশ্চিত করে জামশেদপুর। এর ফলে সাতম্যাচে ১০ পয়েন্ট নিয়ে পাঁচনম্বরে উঠে এল রেড মহিন্দার। সমসংখ্যক ম্যাচে একই পয়েন্ট নিয়ে গোলপার্শ্বকে চতুর্থস্থানে রইল হাইল্যান্ডাররা। লাল-নীল-গেল্লার...! 'রঙ' ছাড়া সংবাদ খুঁজে পাওয়া কঠিন। কোন খবরটা 'খাচ্ছে'? সেটাই কি শেষ কথা? নাকি আপল সতিতার নাম 'সংবাদ'! 'ব্রেফিং' আর প্রাইম টাইমের পিছনে দৌড়তে গিয়ে দেওয়ালে পিঠ ঠেকেছে সতিতার সাংবাদিকতার।


## পূজারাকে 'সিঁড়ি' বলে ডেকে বিতর্কে ওয়ান

অ্যাডিলেডে। বর্ণবিদ্বেষী মন্তব্য করে বিতর্কে জড়ালেন শেন ওয়ান। অ্যাডিলেড টেস্টের প্রথম দিনে ধারাভাষ্যের সময় তিনি চেতেশ্বর পূজারাকে 'সিঁড়ি' নামে অভিহিত করেন। এটা নিয়ে প্রবল সমালোচনার মুখে পড়েন কিংবদন্তি লেগস্পিনার শেন ওয়ান। যখন ইংলিশ কাউন্সিল ইয়র্কশায়ারে খেলতেন পূজারা, তখন তাঁর নাম উচ্চরণে সমস্যা হত অনেকের। সেই কারণেই তাঁকে 'সিঁড়ি' নামে ডাকা হত। ইয়র্কশায়ারের প্রাক্তন ক্রিকেটার আজিম রফিক এই সবারইকে 'সিঁড়ি' বলে ডাকা হত। এই পরিস্থিতিতে ওয়ানের মন্তব্য বর্ণবিদ্বেষের অভিযোগ তুলেছেন।



বলেছেন, তাঁকে এর শিকার হতে হয়েছিল। অপেশাদারের মতো মন্তব্যের জন্য তাঁকে সোশ্যাল মিডিয়ায় খিকার জানিয়েছেন অনেকেই। এই মন্তব্য চিহ্নিত হচ্ছে বর্ণবিদ্বেষমূলক হিসেবেও। কেউ কেউ পরামর্শ দিয়েছেন, পূজারার নাম উচ্চারণ করত যেন শোকার চেঁচা করা হয়।

## ভারতের বিরুদ্ধে টেস্টে সর্বনিম্ন রানের লজ্জার রেকর্ড স্মিথের



অ্যাডিলেডে। বিপক্ষ টিম ইন্ডিয়া দেখলেই ব্যাট হাতে জুলে ওঠেন সিঁড়ি স্মিথ। সদ্য ওয়ানডে সিরিজের প্রথম দুই ম্যাচেই সেফ্বরি করেছেন। টেস্ট সিরিজেরও তাঁর উইকেটই সবচেয়ে দামি বলে মনে করলেন ব্যাশফোর্ড-মার্সিয়ালের গোল জয়ে ফিবল ইন্ডাইটে

### ব্যাশফোর্ড-মার্সিয়ালের গোল জয়ে ফিবল ইন্ডাইটে

লন্ডন। গোলরক্ষকের মারাত্মক ভুলে শুরুতেই পিছিয়ে পড়া ম্যানচেস্টার ইউনাইটেড ঘুরে দাঁড়াল দারুণভাবে। মার্কাস রায়শফোর্ড করলেন জোড়া গোল। জানের দেখা পেলেন তনি মার্সিয়াল। তুলানির দল শেফিল্ড ইউনাইটেডকে হারিয়ে জয়ে ফিবল উলে ওনার সুলসারের দল। প্রতিপক্ষের মাঠে ইংলিশ প্রিমিয়ার লিগের ম্যাচটি ৩-২ গোলে জিতেছে ইউনাইটেড। ডেভিড ম্যাকগোল্ডরি-কের গোলে স্বাগতিকরা এগিয়ে যাওয়ার পর সমতা টানেন রায়শফোর্ড। শেষ দিকে ব্যবধান কমান মার্কোগোল্ডরি। ১২ ম্যাচে সাত জয় ও দুই ড্রয়ে ২৩ পয়েন্ট নিয়ে ষষ্ঠ স্থানে উঠেছে ইউনাইটেড। ১৩ ম্যাচের ১২টিতে হারা শেফিল্ড ১ পয়েন্ট নিয়ে সবার নিচে আছে। ১৩ ম্যাচে ২৮ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে গত্তবারের চ্যাম্পিয়ন লিভারপুল।

### মানবিক আবেদন

আমার দুটি কিডনি বিকল হয়ে গেছে। তাই চিকিৎসক অতিসত্বর কিডনি পরিবর্তন করার জন্য পরামর্শ দিয়েছেন। এর জন্য O (+) পজিটিভ রক্তের গ্রুপের একটি কিডনি জরুরি প্রয়োজন। যদি কোনও সহায়ক ব্যক্তি কিডনি স্বেচ্ছায় দানের মাধ্যমে আমার জীবন বাঁচান তবে তার নিকট আমি চিরকৃতজ্ঞ থাকব। — গৌতম রায়, উজান অভয়নগর, আগরতলা। মো : 9436126521

**NOTICE INVITING AUCTION- 2nd CALL**  
On behalf of the Government of Tripura, the undersigned is hereby invited sealed cover quotation from the bonafied firms/agencies for selling of condemned mservitable MT Goods are available at MT Section, Reserve Line Kamrangbari, Kailashahar, Unakoti Tripura for inspection of the intending quotationer(s) on the w/rking days during office ours. The quotationer (s) shall be accompanied by an earnest money in the form D/Call amounting to Rs. 2000/- (Rupees Two thousand) only in favour of Superintendent of Police, Unakoti Tripura Kailashahar. The interested quotationers may collect list of Condemnation un-servicable Tyre from the office of the Superintendent of Police, Unakoti Tripura Kailashahar on any working day on or before 05A-21. The closing time/date of the tender is at 1600 his on 05/01/2021.  
Superintendent of Police  
Unakoti District, Kailashahar  
Tripura.  
ICA-C-2487/20

**CLAIMANT NOTICE**  
WHEREAS, it has been reported by the SDFO, Ambassa vide No.F.5-12/SDFO/OR/Offence Report/ABS-2015/Par-I/III/8115-17 dated 10/11/2020, that while patrolling duty by Sri Bidyadaya Jamatia Fr. i/C FPU, Ambassa alongwith his staffs has seized a sand mining pump machine without motor from Santir Bazar area on 27-09-2020 at about 11:00 PM vide his OR No.31/FPU-2020-21/Ambassa dated, 27/09/2020 for illegally lifting river sand from dhalaai river at Santir Bazar without any valid documents and permission from the authority AND WHEREAS, Sri Bidyadaya Jamatia, Fr. checked the sand machine and found no valid documents produced against the sand mining machine. The said sand lifting machine was then seized under section u/s 41, 42, 26(A) of Indian Forest Act, 1927 and sub-section 2 of section 52(A) read with Indian Forest (Tripura Second Amendment) Act, 1986 and brought to the safe custody at FPU Camp Complex, Ambassa.  
**NOW THEREFORE**, in exercise of powers conferred upon me vide Notification No.F.13(103)/For/Est-2014/50233-297 dated, 12/02/2015 of Govt. of Tripura as an Authorized Officer for the purpose of above mentioned Indian Forest Act 1927, it is contemplated to confiscate the seized sand mining machine for the commission of offence under section 41, 42 and 52(A) of Indian Forest Act, 1927 and under Tripura Rules notified vide Notification No.F.7/44.FP/90/Vol-II/22,795, dt.07.05.1990 of Government of Tripura.  
**NOW THEREFORE**, it is brought to the notice of the authorized owner of the said sand lifting machine to prefer their claim over the same vehicle to Authorized Officer (District Forest Officer, Dhalaai, Ambassa) within 25 (twenty five) days from the date of issue of this notice either by his/her legally authorized person along with all relevant documents in original regarding ownership of the vehicle.  
If the owner of the vehicle or their authorized representatives fails to prefer any claim for the said vehicle before the undersigned within the stipulated period, the decision regarding the confiscation of the said vehicle shall be taken ex-parte.  
ICA-D-1100/20  
Sd/- (Chaman Lal, IFS)  
(Authorized Officer)  
District Forest Officer,  
Dhalaai, District Ambassa.

## এবার তোপ শোয়েবের, তাঁকেও সঠিক ভাবে ব্যবহার করা হয়নি

ক্রাচি। পাকিস্তান ক্রিকেট বোর্ডের বিরুদ্ধে এবার তোপ দাগলেন শোয়েব আখতার। বলছেন, পাকিস্তান ক্রিকেট বোর্ড তাঁকেও ঠিকঠাক ব্যবহার করতে পারেনি। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া এক ভিডিয়োর বাঁহাতি পেসার মহম্মদ আমির বলেছেন যে, তিনি বর্তমান পিসিবি ম্যানেজমেন্টের সঙ্গে কাজ করতে পারবেন বলে মনে করেন না। তাই তিনি ছেড়ে দিতে চান ক্রিকেট। তাঁকে মানসিক অত্যাচারের মুখেমুখি হতে হয়েছে বলেও জানিয়েছিলেন তিনি। রাওয়াল পিন্ডি এন্ডপ্রেস শোয়েব আখতার এই প্রসঙ্গে নিজের উদ্বাহরণ দিয়ে বলেছেন যে ২০১১ বিশ্বকাপে আমাকে ঠিকভাবে ব্যবহার করা



হয়নি। তবে সেটা দলনেতা অধিদ্রিড করেনি। ম্যানেজমেন্টের বাকিরা এটা করেছিল। আমাকে হয়রানি করা হয়েছিল। তবে তা পাঠা দিইনি। কারণ, তার আগেই অবসরের ঘোষণা করেছিলাম।"

হতে হয় আর ম্যানেজমেন্টের মোকাবিলায় করতে হয়।" তাঁর দাবি, "দু' মাসের জন্যও যদি আমিরকে পাই, তা হলে সবাই ওকে ঘটায় ১৫০ কিমি গতিতে বল করতে দেখতে পারেন। ও বছর আগে ওকে যা শিখিয়েছিল, সেটাই আবার শেখাব। ও প্রত্যাবর্তন করতে পারে তখন।" ওভার টেস্ট, ৬১ টি ওভিআই ও ৫০ টি-২০তে খেলে মোট ২৫৯টি উইকেট নিয়েছেন আমির। গত বছর সাধা বলের ক্রিকেটে মন দিতে চেয়ে টেস্ট থেকে অবসর নিয়েছিলেন তিনি। গত নভেম্বরে পাকিস্তানের টি-২০'র দল থেকে বাদ পড়েন তিনি। আমিরকে শেষ বার খেলতে দেখা গিয়েছে লক্ষা প্রিমিয়ার লিগে।

## রোনালদো ও লিওনেল মেসিকে হারিয়ে ২০২০ সালের বর্ষসেরা ফুটবলারের পুরস্কার জিতেছেন লেভানদোভস্কি

জুরিখ। ক্রিস্তিয়ানো রোনালদো ও লিওনেল মেসিকে হারিয়ে ২০২০ সালের বর্ষসেরা ফুটবলারের পুরস্কার জিতেছেন রবের্ত লেভানদোভস্কি। ২০১৯-২০ মরশুম দুর্দান্ত পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে ক্যারিয়ারের প্রথমবার 'দ্য বেস্ট ফিফা মেনস প্লেয়ার' হলেন বায়ার্ন মিউনিখের এই ফরোয়ার্ড। সুইজারল্যান্ডের জুরিখে ফিফার সদর দপ্তরে 'দ্য বেস্ট ফিফা ফুটবল অ্যাওয়ার্ড' ভার্চুয়াল অনুষ্ঠানে বিজয়ীর নাম ঘোষণা করা হয়। অনুষ্ঠানটি ভার্চুয়াল হলেও ৩২ বছর বয়সী তারকার হাতে পুরস্কারটি তুলে দেন ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইফান্তিনো। ফুটবল বিশ্বের সব জাতীয় দলের কোচ, অধিনায়ক, বিশ্বজুড়ে ফিফা নির্বাচিত সাংবাদিক ও ফিফা ডটকমে নিবন্ধন করা ফুটবলপ্রেমীদের ভোটে বর্ষসেরা খেলোয়াড় নির্বাচন করা হয়েছে। গত বছরের ২০ জুলাই থেকে ৭ অক্টোবর পর্যন্ত পারফরম্যান্স বিবেচনায় গত ২৫ নভেম্বর বিশেষজ্ঞ প্যানেলের বেছে নেওয়া ১১ জনের তালিকা প্রকাশ করে ফিফা। এরপর গত শুক্রবার সংক্ষিপ্ত তালিকা তিনজনে নামিয়ে আনা হয়। গত ১ অক্টোবর মানুষের মনোমুগ্ধকর ও কেভিন ডে ব্রুনেকে হারিয়ে উয়েফা বর্ষসেরার পুরস্কার জেতা লেভানদোভস্কির গত মরশুমটা কেটেছে অসাধারণ। বায়ার্নের ষষ্ঠ চ্যাম্পিয়ন লিগ জয়ে অগ্রণী ভূমিকা ছিল লেভানদোভস্কির। আসরে সর্বোচ্চ ১৫টি গোল করেন পোলিশ এই ফরোয়ার্ড। দলটির বুন্ডেসলিগা ও জার্মান কাপ জয়েও বড় অবদান ছিল তার। সব প্রতিযোগিতা মিলে গত মরশুম ৪৭ ম্যাচে ৫৫ গোল করেন ৩২ বছর বয়সী এই স্ট্রাইকার। সব প্রতিযোগিতা মিলে ইউরোপের সেরা পাঁচ লিগের যেকোনো খেলোয়াড়ের চেয়ে গত মরশুম ১৬টি গোল বেশি করে লেভানদোভস্কি। এই গোল মেশিন এবারও ছুটছেন তেমনই ছন্দে। বুন্ডেসলিগার এ মরশুমে ১১ রাউন্ড শেষে গোলদাতাদের তালিকায় শীর্ষে আছেন তিনি। গত ৪ অক্টোবর লিগে হের্টা বার্লিনের বিপক্ষে বায়ার্নের ৪-৩ ব্যবধানের রোমাঞ্চকর জয়ে দলের চারটি গোলই করেছিলেন লেভানদোভস্কি। রেকর্ড ছয়বার বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হয়েছেন মেসি। আর রোনালদো জিতেছেন দ্বিতীয় সর্বোচ্চ পাঁচবার। ২০০৮ থেকে ২০১৭ পর্যন্ত এই দুইজনের বাইরে আর কেউই বর্ষসেরার পুরস্কার জিতে পারেননি। তাদের সেই আধিপত্য ভেঙে ২০১৮ সালের সেরা হন রিয়াল মাদ্রিদের লুকা মড্রিচ। বালন ডি'অর ও ফিফা বর্ষসেরা-দুটি পুরস্কারই ঘরে তুলেছিলেন ক্রোয়াট মিডফিল্ডার মড্রিচ। ফিফার বর্ষসেরা ও ফ্রান্স ফুটবল সাময়িকীর বালন ডি'অর পুরস্কার শুরুতে আলাদাভাবে দেওয়া হতো। ২০১০



ভেঙে ২০১৮ সালের সেরা হন রিয়াল মাদ্রিদের লুকা মড্রিচ। বালন ডি'অর ও ফিফা বর্ষসেরা-দুটি পুরস্কারই ঘরে তুলেছিলেন ক্রোয়াট মিডফিল্ডার মড্রিচ। ফিফার বর্ষসেরা ও ফ্রান্স ফুটবল সাময়িকীর বালন ডি'অর পুরস্কার শুরুতে আলাদাভাবে দেওয়া হতো। ২০১০



আগরতলা পুর এলাকায় সাফাই অভিযান। ছবিঃ নিজস্ব

### করোনা-আক্রান্ত উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী

দেহরাদুন, ১৮ ডিসেম্বর (হিস.): এবার করোনাভাইরাসে আক্রান্ত হলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াল। গুজরার ত্রিবেন্দ্র সিং রাওয়াল নিজেই টুইট করে করোনা-আক্রান্ত হওয়ার খবর জানিয়েছেন। একই সঙ্গে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী জানিয়েছেন, চিকিৎসকদের পরামর্শে আইসোলেশনে রয়েছেন তিনি। সম্প্রতি তাঁর সান্নিধ্যে যারা এসেছেন তাঁদেরও করোনা-পরীক্ষা করিয়ে নেওয়ার অনুরোধ জানিয়েছেন তিনি। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী টুইট করে জানিয়েছেন, "আজ করোনা টেস্ট করিয়েছিলাম এবং রিপোর্ট পজিটিভ এসেছে। আমার শরীর ঠিক আছে এবং কোনও উপসর্গ নেই। চিকিৎসকদের পরামর্শ মতো বাড়িতেই আইসোলেশনে রয়েছি। প্রত্যেকের কাছে অনুরোধ করছি, বিগত কিছু দিনে আমার সান্নিধ্যে যারা এসেছেন, তাঁরা দয়া করে নিজেদের আইসোলেশনে রেখে টেস্ট করিয়ে নেবেন।"

### উইকলি নিউজ পেপারস্ অ্যাসোসিয়েশনের বৈঠক অনুষ্ঠিত

আগরতলা, ১৮ ডিসেম্বর : অল ত্রিপুরা উইকলি নিউজ পেপারস্ অ্যাসোসিয়েশনের এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে গুজরার। বৈঠকে সংগঠনের বার্ষিক সাধারণ সভা আগামী ২৭ ডিসেম্বর অনুষ্ঠিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সভায় নতুন পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে। সাথে আগামী দিনের কর্মসূচি চূড়ান্ত করা হবে। সংগঠনের আহ্বায়ক তপন মজুমদার এক প্রেস বিবৃতিতে এই সংবাদ জানিয়েছেন।

### ৪ বেড়ে ওড়িশায় মৃত্যু ১,৮২৯ জনের, মোট করোনা-আক্রান্ত ৩, ২৫,৫০৫

ভুবনেশ্বর, ১৮ ডিসেম্বর (হিস.): ওড়িশায় ফের কমল দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, সুস্থতাও বেড়েছে। বিগত ২৪ ঘণ্টায় ওড়িশায় নতুন করে করোনা-আক্রান্ত হয়েছেন ৫৮ জন। ফলে ওড়িশায় মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩,২৫,৫০৫। রাজ্যে নতুন করে মৃত্যু হয়েছে ৪ জনের, ফলে মৃতের সংখ্যা বেড়ে হল ১,৮২৯। সুস্থতার সংখ্যাও বাড়ছে ওড়িশায়, ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ৩,২০, ৫৮৪ জন। বিগত ২৪ ঘণ্টার মধ্যে সুস্থ হয়েছেন ৩৭৬ জন। গুজরার সকালে ওড়িশা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় নতুন করে ৩৮ জন সংক্রমিত হওয়ার পর মোট আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩,২৫, ৫০৫। ওড়িশায় এই মুহূর্তে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ৩,০৩৯ এবং করোনাকে পরাজিত করে সুস্থ হয়েছেন ৩,২০,৫৮৪ জন। বিগত ২৪ ঘণ্টায় ৪ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা ১,৮২৯-এ পৌঁছেছে।

## গন্ডাছড়া কলেজের ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন

নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ১৮ ডিসেম্বর। গন্ডাছড়া সরকারী ডিগ্রী কলেজের পঞ্চদশ সিটি বিশিষ্ট এসটি বয়েজ হোস্টেলের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় গুজরার। এই দিন মন্ত্রী মেবার জমতিয়ার হাত ধরে তার পলক উন্মোচন করা হয়। এই উপলক্ষে গন্ডাছড়া ক্রিশ কার্ড এলাকায় এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে মন্ত্রী মেবার জমতিয়ার ছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা, গঙ্গানগর ব্লক চেয়ারম্যান জীবনজয় রিয়াং, গন্ডাছড়া মহকুমা শাসক এল রাঞ্চল। উল্লেখ্য এসটি বয়েজ হোস্টেলটি গড়ে তোলার জন্য প্রায় দুই কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আঠার মাসের মধ্যে নির্মাণ কাজ শেষ করার নির্দেশ রয়েছে। এই দিনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানকে কেন্দ্র করে ছাত্র ছাত্রীদের মধ্যে দারশন উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়। এদিকে, গন্ডাছড়া ডিগ্রী কলেজের নামাঙ্কন রতন মনি ত্রিপুরা নামে করার জন্য কলেজের ছাত্র ছাত্রীরা গুজরার বনমন্ত্রী মেবার জমতিয়ার জমাতিয়ার কাছে স্মারকলিপি তুলে দেন। এই দিন মন্ত্রী গন্ডাছড়া ডিগ্রী কলেজের বয়েজ হোস্টেলের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন তিনি।

## ক্ষুদিরাম বসুর স্মৃতিজড়িত দাসপুরে যাবেন অমিত শাহ

কলকাতা, ১৮ ডিসেম্বর (হিস.): ক্ষুদিরাম বসুর স্মৃতি অর্কটে পশ্চিম মেদিনীপুর জেলার ছোট একটি গ্রাম দাসপুরের বড়শুলিয়ায়। এই গ্রামের সাথে জড়িয়ে রয়েছে স্বাধীনতার একটুকরো ইতিহাস। তা দেখতে শনিবার সেখানে যাবেন অমিত শাহ। হাসতে হাসতে ফাঁসির মঞ্চে মৃত্যুকে বরণ করেছিলেন তরঙ্গ ক্ষুদিরাম বসু। ৩ ডিসেম্বর ১৮৮৯ পশ্চিম মেদিনীপুর জেলার কেশপুরের মন্ডলি গ্রামে তাঁর এই দিনে তাঁর জন্ম হয়। বৈশ্ববিক কর্মকাণ্ডের সাথে যুক্ত হওয়ার পরে তৎকালীন ব্রিটিশ শক্তির কাছে ত্রাস হয়ে উঠেছিলেন ক্ষুদিরাম। ১৯৪৬ সালে ক্ষুদিরামের স্মৃতিরক্ষার্থে তৈরি হয় একটি সোসাইটি। ৩ ডিসেম্বর ২০০০ সালে ঠিক ওই স্থানে দীর্ঘদিন পাড়ে এক প্রকাণ্ড বটবৃক্ষের পাশে ক্ষুদিরাম বসুর স্মৃতি স্মারক স্থাপন করা হয়। সেখানেই দাসপুরে মানুষ আজকের এই দিনটিতে বীর শহীদ ক্ষুদিরাম বসুকে শ্রদ্ধা জানাতে জমাটিনে সমবেত হন। দুদিনের জন্য শহীদ ক্ষুদিরাম বসু স্মৃতি রক্ষা সোসাইটি তরফে আয়োজন করা হয় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের। ক্ষুদিরাম বসুর স্মৃতিচারণা, কবিতা, শোভাযাত্রা, গান সবই থাকে অনুষ্ঠানের অঙ্গ হতে হবে। এভাবেই ক্ষুদিরামের স্মৃতি সযত্নে আঁকড়ে রেখেছে সেখানকার মানুষ।

## এফডিপিএমসির সম্মেলন ২০ ডিসেম্বর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ ডিসেম্বর। আগামী রবিবার আগরতলা রবি শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হতে চলেছে ফোরাম ফর ডেভলপমেন্ট এন্ড প্রোটেকশন অফ মিডিয়ান রাইজ সস্মেলন। এ রাজ্য সম্মেলনে গোটা রাজ্য থেকে প্রায় ৪ শত প্রতিনিধি অংশগ্রহণ করবেন। সম্মেলনে মোট পাঁচটি প্রস্তাব গৃহীত হবে। গঠন করা হবে বিভিন্ন ইউনিট কমিটি। এই সম্মেলনকে কেন্দ্র করে রবি শতবার্ষিকী ভবনের নামাকরণ করা হয়েছে শহীদ সাংবাদিক সূদীপ- শান্তনু ভবন। এবং মঞ্চের নামাকরণ করা হয়েছে ভূপেন দত্ত ভোমিকের নামে। গুজরার সাংবাদিক সম্মেলন করে এই কথা জানানো ফোরামের নেতৃত্ব। এদিন সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সাংবাদিক সেবক ভট্টাচার্য, প্রণব সরকার সহ অন্যান্যরা।

## আগুনে ভস্মীভূত ৩৫টি দোকান প্রচুর ক্ষয়ক্ষতি ব্যবসায়ীদের

ধুপগুড়ি, ১৮ ডিসেম্বর (হিস.): জলপাইগুড়ি জেলার ধুপগুড়িতে বিধ্বংসী আগুনে ভস্মীভূত হয়ে গেল কমপক্ষে ৩৫টি দোকান। গুজরার ভোররাত ধুপগুড়ি বাজারের থানা রোডের পার্শ্ববর্তী কাপড় পট্টিতে বিধ্বংসী আগুন লাগে। অগ্নিকারীদের পাওয়া মাত্রই, প্রথমে দমকলের একটি ইঞ্জিন আগুন নেভাতে পৌঁছায়। স্থানীয় ব্যবসায়ী এবং বাসিন্দারা আগুন নেভানোর কাজে হাত লাগান। কিন্তু, জল ফুরিয়ে যাওয়ায় সমস্যা হয়। পরিস্থিতি বেগতিক দেখে ফালাকাটা, ময়নাগুড়ি এবং মালবাজারের দমকলবাহিনীকে খবর দেওয়া হয়। সেখান থেকে দুটি করে দমকলের ইঞ্জিন এসে পৌঁছায়। রাতভর দমকল কর্মীদের

### আন্দোলনরত অন্নদাতাদের পাশে রয়েছে: সুন্দরলাল বহুগুণা

নয়াদিহি, ১৮ ডিসেম্বর (হিস.): তিনটি কৃষি আইনের বিরুদ্ধে লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছেন অন্নদাতারা। কৃষকদের প্রধান দাবি, "বিতর্কিত" তিনটি কৃষি আইন প্রত্যাহার করতে হবে কেন্দ্রীয় সরকারকে। কিন্তু, নরেন্দ্র মোদী সরকার কৃষি আইন প্রত্যাহার করবে না বলে ইতিমধ্যেই জানিয়ে দিয়েছে। এবার তিনটি কৃষি আইনের বিরুদ্ধে চলতে থাকা কৃষকদের আন্দোলনকে সমর্থন করলেন চিপকো আন্দোলনের নেতা সুন্দরলাল বহুগুণা। প্রবল ঠাণ্ডার মধ্যেই দিল্লির বিভিন্ন সীমায় আন্দোলন চালিয়ে যাচ্ছেন কৃষকরা। মাত্রাতিরিক্ত ঠাণ্ডায় অনেকেই অসুস্থ হয়ে পড়ছেন। এমতাবস্থায় অন্নদাতাদের সমর্থনে এগিয়ে এলেন প্রবীণ পরিবেশকর্মী, পদ্মবিভূষণ, সুন্দরলাল বহুগুণা। কৃষকদের সমর্থন জানিয়ে সুন্দরলাল জানিয়েছেন, "অন্নদাতাদের দাবিদায়ীকে আমি সমর্থন করছি।" সুন্দরলাল বহুগুণার ছেলে সাংবাদিক এবং সমাজকর্মী রাজীব নয়ন বহুগুণা তাঁর বাবার একটি ভিডিও প্রকাশ করেছেন। ওই ভিডিও-বাতায় সুন্দরলাল বহুগুণা বলেন, কৃষি আইনের বিরুদ্ধে আন্দোলনরত কৃষকদের পাশে রয়েছেন তিনি।

### আমবাসায় বাড়ছে চুরি, খানায় ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ ডিসেম্বর। ধলাই জেলার আমবাসা থানায় ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে বিজেপি কার্যত বাইক চুরি সহ অন্যান্য চুরির ঘটনা পর্যায়ক্রমে বৃদ্ধি পাওয়ার পরই প্রকৃতি বিজেপির পক্ষ থেকে ডেপুটেশন প্রদান করা হয় ডেপুটেশন প্রদানকালে বিজেপির কর্মকর্তার অভিযোগ করেন আমবা সংঘ এলাকার বিভিন্ন স্থানে গাভি বংশ কিছুদিন ধরেই এবং বিভিন্ন দোকানপাট ও বাড়িঘরের চুরির ঘটনা বৃদ্ধি পেয়েছে। এসব চুরির ঘটনা রোদে পুলিশকে কঠোর মনোভাব গ্রহণ করার জন্য সংগঠনের পক্ষ থেকে জোরালো দাবি জানানো হয়েছে। পুলিশের ডুমিকা নিয়েও তারা প্রাঙ্গণে ডেপুটেশন সক্রিয় করেছেন।

### সক্রিয় রোগী ৩.১৪ শতাংশ, ভারতে ১৫.৮৯ কোটির উপরে করোনা-টেস্ট

নয়াদিহি, ১৮ ডিসেম্বর (হিস.): ভারতে ১৫.৮৯ কোটির উপরে পৌঁছে গেল করোনা-পরীক্ষা। ভারতে সুস্থতার হার বেড়ে ৯৫.৪০ শতাংশে পৌঁছে গিয়েছে। গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-টেস্টের সংখ্যা ১৫,৮৯,১৮,৬৪৬-এ পৌঁছে গেল। বিগত ২৪ ঘণ্টায় ভারতে ১১.১৩-লক্ষের বেশি করোনা-স্যাম্পেল পরীক্ষা করা হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৭ ডিসেম্বর (বৃহস্পতিবার) সারা দিনে) ভারতে ১১,১৩,৪০৬টি করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। ভারতে প্রতিদিনই করোনা-মুক্ত হয়ে উঠছেন অসংখ্য রোগী। বৃহস্পতিবার সারাদিনে ভারতে সুস্থ হয়েছেন ৩১,০৮৭ জন। ভারতে এই মুহূর্তে মাত্র ৩,১৪ শতাংশ করোনা-রোগী চিকিৎসায়ী রয়েছেন। গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্ত ১, ৪৪,৭৮৯ জনের মৃত্যু হয়েছে। বিগত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৩০ জনের। ভারতে সুস্থতার সংখ্যা বেড়ে হয়েছে ৯,৫২,০৮২ জন (৯৫.৪০ শতাংশ)। এই মুহূর্তে ভারতে চিকিৎসায়ী রয়েছেন ৩ লক্ষ ১৩ হাজার ৮৩১ জন করোনা-রোগী।

## ধর্মনগর হাসপাতালে এক্সরে মেশিন বিকল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ ডিসেম্বর। উত্তর ত্রিপুরা ধর্মনগর জেলা হাসপাতালে দীর্ঘদিন ধরেই এক্সরে মেশিন বিকল হয়ে পড়ে রয়েছে। মেশিনটি সারাইয়ের জন্য জরুরি ভিত্তিতে কোন ধরনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। এর ফলে সমস্যা সন্মুখীন হতে হচ্ছে এক্স-রে করতে আসা রোগীদের। সংবাদ সূত্রে জানা গেছে এর আগেও একবার এক্সরে মেশিনটি বিকল হয়ে পড়েছিল। মেশিনটি সারাই করা হলেও ফের বিকল হয়ে পড়ে। জরুরী ভিত্তিতে মেশিনটি সারাই করার জন্য জোরালো দাবি

উঠেছে রোগী সাধারণের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে দীর্ঘদিন ধরে মেশিনটি বিকল হয়ে পড়ে থাকলেও মেশিন সারাইয়ের জন্য দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন ধরনের হেলদোল নেই। ধর্মনগর জেলা হাসপাতালের এক্স-রে করতে আসেন কৈলাশহরের রোগীরাও। এক্সরে মেশিন টি বিকল থাকায় কৈলাশহর থেকে আসা রোগীরাও সমস্যায় সন্মুখীন হচ্ছেন। অনেকে বাধ্য হয়ে প্রাইভেট ভাবে এক্স-রে করতে যান। তাতে তাদের পকেট কাটা

মাঝে বলে অভিযোগ জেলা হাসপাতালে একমাত্র এক্সরে মেশিন দ্রুত সংস্কার করা না হলে রোগীদের দুর্ভোগ আরো চরম আকার ধারণ করবে বলে সাধারণের অভিযোগ। ধর্মনগর জেলা হাসপাতালে চিকিৎসার পরিসেবা নিয়ম সাধারণ মানুষের তরফ থেকে নানা অভিযোগ করা হয়েছে। এসব বিষয়ে খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হাসপাতালে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং স্বাস্থ্য দপ্তরের উর্ভন কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেছেন স্থানীয় জনগণ।

## মঠচৌমুহনী বাজারে ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স বিতরণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ ডিসেম্বর। গুজরার মঠ চৌমুহনী বাজারে ট্রেড লাইসেন্স এবং ফ্রি ইন্সুরেন্স প্রদানের প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত সদর মহকুমা শাসক অসীম সাহা জানান, কিছুদিন পূর্বে মঠ চৌমুহনী বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয়ে যায় ১৬

টি দোকান ইন্সুরেন্স না থাকলে সামগ্রী মূল্য অর্থাৎ ক্ষতিপূরণ ব্যবসায়ীদের পায় না। তাই সামগ্রী ক্ষতিপূরণ পেতে ব্যবসায়ীদের অবশ্যই ইন্সুরেন্স প্রয়োজন। ইন্সুরেন্স করতে ট্রেড লাইসেন্স নিতে হয়। সরকার ট্রেড লাইসেন্সের ক্ষেত্রে ভয়াবহ অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয়ে যায় ১৬

হাজার টাকা সরকার বহন করছে। গুজরার প্রশাসনিক শিবিরে প্রায় তিন শতাধিক ব্যবসায়ীকে ফ্রি ইন্সুরেন্স প্রদান করা হবে বরম জানান তিনি। এদিন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন টি বোর্ডের চেয়ারম্যান সন্তোষ সাহা, অল ত্রিপুরা মার্চেন্ট এসোসিয়েশনের সভাপতি সহ অন্যান্যরা।

## উপেন্দ্র কুশওয়ান সম্পর্কে বেফাঁস মন্তব্য! কঙ্গনার বিরুদ্ধে গয়ার আদালতে মামলা

গয়া, ১৮ ডিসেম্বর (হিস.): রাষ্ট্রীয় লোক সমতা পার্টি (আরএলএসপি)-র নেতা তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী উপেন্দ্র কুশওয়ান সম্পর্কে বেফাঁস মন্তব্য করার অস্বাভাবিক বক্তব্য বিলেড অভিযোগে কঙ্গনা রানাউত্তের। কঙ্গনার বিরুদ্ধে বিহারের গয়ার আদালতে মামলা দায়ের করা হয়েছে। আইনজীবী শম্মু প্রসাদের মাধ্যমে কঙ্গনার বিরুদ্ধে

মামলা দায়ের করেছেন উপেন্দ্র কুশওয়ান। গুজরার আইনজীবী জানিয়েছেন, "কোনও নেতার সম্পর্কে অবমাননাকর মন্তব্য করা আসলে অপরাধ। তাই আদালতের কাছে অভিযোগটি গুরুত্ব দিয়ে দেখার অনুরোধ করছি।" এখন প্রশ্ন হল কী এখন মন্তব্য করেছিলেন কঙ্গনা, যে তাঁর বিরুদ্ধে মামলা দায়ের হল। নিজের টুইটার হ্যাণ্ডলে এরএলএসপি-র

সভাপতি উপেন্দ্র কুশওয়ান বিরুদ্ধে আপত্তিকর মন্তব্য করেছিলেন কঙ্গনা। কঙ্গনার টুইটের জেরে অপমানিত বোধ করেছিলেন এরএলএসপি-র সভাপতি, তাই মামলা দায়ের করা হয়েছে। প্রসঙ্গত, নিজের অভিনয়ের খেঁচে সোশ্যাল নেটওয়ার্কিং এখন বেশি সক্রিয় থাকেন কঙ্গনা। যে কোনও বিষয়েই টুইট করে নিজের মতামত পোষণ করেন তিনি।

## কৃষি আইন প্রত্যাহারের জন্য কতজন কৃষককে জীবন দিতে হবে: রাখল গান্ধী

নয়াদিহি, ১৮ ডিসেম্বর (হিস.): নরেন্দ্র মোদী সরকারের বিরুদ্ধে ফের তীব্র আক্রমণ শানালেন কংগ্রেস সাংসদ রাখল গান্ধী। এবার মৌদী সরকারের প্রতি রাখল গান্ধীর প্রশ্ন, কৃষি আইন প্রত্যাহারের জন্য কতজন কৃষককে জীবন দিতে হবে? রাখলের আরও একটি প্রশ্ন হল, কৃষক বিরোধী আইন কবে খতম করা হবে? গুজরার নিজের টুইটার হ্যাণ্ডলে একটি মিডিয়া রিপোর্ট আপলোড করেছেন রাখল

গান্ধী। কৃষক আন্দোলনে থাকা কৃষকদের মৃত্যু নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন রাখল গান্ধী। ওই মিডিয়া রিপোর্টের প্রেক্ষিতে রাখল লিখেছেন, "কৃষি আইন প্রত্যাহারের জন্য কতজন কৃষককে জীবন দিতে হবে? কৃষক বিরোধী আইন কবে খতম করা হবে?" প্রসঙ্গত, প্রবল ঠাণ্ডার মধ্যেই দিল্লির সীমায় আন্দোলন চালিয়ে যাচ্ছেন দেশের অন্নদাতারা। কৃষকরা চাইছেন, প্রধানমন্ত্রী এসে তাঁদের



## ভারতে ৯৯.৭৯-লক্ষ করোনা-সংক্রমণ, ৩৩৮ বেড়ে মৃত্যু ১,৪৪,৭৮৯

নয়াদিহি, ১৮ ডিসেম্বর (হিস.): ভারতে ১৫.৮৯ কোটির উপরে পৌঁছে গেল করোনা-পরীক্ষা। ভারতে সুস্থতার হার বেড়ে ৯৫.৪০ শতাংশে পৌঁছে গিয়েছে। গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-টেস্টের সংখ্যা ১৫,৮৯,১৮,৬৪৬-এ পৌঁছে গেল। বিগত ২৪ ঘণ্টায় ভারতে ১১.১৩-লক্ষের বেশি করোনা-স্যাম্পেল পরীক্ষা করা হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৭ ডিসেম্বর (বৃহস্পতিবার) সারা দিনে) ভারতে ১১,১৩,৪০৬টি করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। ভারতে প্রতিদিনই করোনা-মুক্ত হয়ে উঠছেন অসংখ্য রোগী। বৃহস্পতিবার সারাদিনে ভারতে সুস্থ হয়েছেন ৩১,০৮৭ জন। ভারতে এই মুহূর্তে মাত্র ৩,১৪ শতাংশ করোনা-রোগী চিকিৎসায়ী রয়েছেন। গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্ত ১, ৪৪,৭৮৯ জনের মৃত্যু হয়েছে। বিগত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৩০ জনের। ভারতে সুস্থতার সংখ্যা বেড়ে হয়েছে ৯,৫২,০৮২ জন (৯৫.৪০ শতাংশ)। এই মুহূর্তে ভারতে চিকিৎসায়ী রয়েছেন ৩ লক্ষ ১৩ হাজার ৮৩১ জন করোনা-রোগী।

২২ হাজার ৮৮৯ জন সংক্রমিত হওয়ার পর ভারতে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৯৯ লক্ষ ৭৯ হাজার ৪৪৭ জন। ৩৩৮ বেড়ে গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে কোভিড-১৯ (বৃহস্পতিবার সারাদিনে) নতুন করে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত ৩৩৮ জনের মৃত্যু হয়েছে। শেষ ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন ২২,৮৮৯ জন। নতুন করে

পরিবার কল্যাণ মন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে সক্রিয় করোনা রোগীর সংখ্যা ৩ লক্ষ ১৩ হাজার ৮৩১ জন, বিগত ২৪ ঘণ্টার মধ্যে কমবে ৮,৫০৫ জন। ভারতে সুস্থতার সংখ্যা দ্রুততার সঙ্গে বাড়ছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে মোট সুস্থতার ৫২ শতাংশ পাঁচটি রাজ্যেই। এই পাঁচটি রাজ্য হল-মহারাষ্ট্র, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু এবং কেরাল।

## ২৩ দিনে পড়ল কৃষক আন্দোলন, প্রবল ঠাণ্ডায় দিল্লি সীমায় কাবু অন্নদাতারা

নয়াদিহি, ১৮ ডিসেম্বর (হিস.): রাজধানী দিল্লি এবং সংলগ্ন অঞ্চল এই মুহূর্তে প্রবল ঠাণ্ডায় কাঁপছে। মাত্রাতিরিক্ত এই ঠাণ্ডার মধ্যেও কৃষি আইনের বিরুদ্ধে নিজেদের আন্দোলন চালিয়ে যাচ্ছেন অন্নদাতারা। দেখতে দেখতে গুজরার ২৩ তম দিনে পড়ল কৃষকদের আন্দোলন। মাথার উপরে আন্দোলন। এদিন সকালে কিশান মার্জেদুর সংঘর্ষ কমিটির (পঞ্জাব) পক্ষ থেকে দয়াল সিং জানিয়েছেন, "কৃষকদের সঙ্গে প্রধানমন্ত্রীকে কথা

দাবিদায়ী নিয়ে অন্নদাতারা অনড়। তিনটি কৃষি আইন প্রত্যাহার না হওয়া পর্যন্ত তাঁরা আন্দোলন চালিয়েই যাবেন। কেন্দ্রীয় সরকারের তিনটি কৃষি আইনের বিরুদ্ধে দিল্লির বিভিন্ন সীমায় আন্দোলন চালিয়ে যাচ্ছেন কৃষকরা। এদিন সকালে কিশান মার্জেদুর সংঘর্ষ কমিটির (পঞ্জাব) পক্ষ থেকে দয়াল সিং জানিয়েছেন, "কৃষকদের সঙ্গে প্রধানমন্ত্রীকে কথা

বলতে হবে এবং আইন প্রত্যাহার করতে হবে। এই আইনের বিরুদ্ধে আমাদের লড়াই চলবে।" ভারতীয় আইনজীবীরা দক্ষতার জানিয়েছে, রাজধানী দিল্লিতে এই মুহূর্তে বইতে পাজের বিরুদ্ধে দিল্লির বিভিন্ন সীমায় আন্দোলন চালিয়ে যাচ্ছেন, "তিনটি কালো আইনের বিরুদ্ধে আমাদের আন্দোলন চলবে। কিন্তু, এখন ঠাণ্ডা বাড়ছে, তাই আরও তীব্র তৈরি করছি আমরা।"